গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY OCTOBER 26, 1875.

মঙ্গলবার ১৮৭৫ সাল ২৬ অক্টোবর।

PART V.

Acts of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 25th August 1875, and having been assented to by His Excellency the Governor-General on the 23rd September 1875, is hereby promulgated for general information:—

ACT NO. V OF 1875.

An Act to provide for the Survey and Demarcation of Land.

Preamble.

WHEREAS it is expedient, with a view to the definition and identification of lands, the better security of landed property, and the prevention of encroachments and disputes, to provide for the

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৫ সালের আগস্ট মাসের ২৫ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এই আইন অনুমোদন করাতে এবং ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেবও অনুমোদন করাতে এই আইন সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭৫ সালের ৫ আইন।

ভূমি জরীপ করিবার ও সীমার চিহ্ন দিবার বিধান করণার্থ আইন।

হেতুবাদ।

ভূমি নিরূপণ করিবার ও চিনিয়া লইতে পারিবার জন্যে, ও ভূসম্পত্তি উত্তমরূপে রক্ষা করিবার জন্যে, ও অপর ব্যক্তির অতিক্রম করণ ও বিবাদ নিবারণার্থে, ভূমির জরীপ করিবার ও সীমা নির্ণয়ের চিহ্ন স্থাপন

survey of lands and for the establishment and maintenance of marks to distinguish boundaries: It is hereby enacted as follows:—

PART I.

PRELIMINARY.

Commencement.

1. This Act may be called "The Bengal Survey Act, 1875," and shall come into force from the date on which it may be published with the assent of the Governor-General.

Local extent.

It extends to the territories for the time being subject to the Lieutenant-Governor of Bengal.

Interpretation clauses.

2. In this Act—unless there be something repugnant in the subject or context—

"Collector."

"Collector" means every Collector of a district, and includes every officer either generally or specially vested with the powers of a Collector for the purposes of this Act.

"Deputy Collector."

"Deputy Collector" includes any Deputy Collector to whom the Collector or Superintendent of Survey may delegate any of his functions under this Act.

"Estate."

"Estate" means—

any land which is entered on the revenue-roll as separately assessed with the public revenue;

any land acquired from the Government under one title, which is liable to pay land revenue at any future time;

any chur or island thrown up in a navigable river or in the sea which under the laws in force is at the disposal of the Government;

any land which is entered on the Collector's registers as a separate holding, free in perpetuity from liability to pay land revenue.

Any land gained by alluvion or by dereliction of a river or of the sea to any estate as here defined, which under the laws in force is considered an increment to the tenure to which such land has accreted, shall be deemed a part of such estate.

করিয়া রাখিবার বিধান করা বিহিত, এইং কারণে নিম্নলিখিত বিধান করা গেল।

প্রথম অধ্যায়।

পরিভাষা।

আইন যে অবধি প্রবল হইবে তাহার কথা।

১ ধারা। এই আইন "বঙ্গদেশের জরীপ করণবিষয়ক ১৮৭৫ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে, ও শ্রীযুত গবরনর্ জেনরল সাহেবের সম্মতিক্রমে যে তারিখে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

ও যৎকালে যে দেশ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে তৎকালে সেই দেশে প্রচলিত হইবে ইতি।

অর্থ করণের ধারা।

২ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা বিপরীত অর্থ বোধ না হইলে, এই আইনে,

'কালেক্টর'।

'কালেক্টর' শব্দে জিলার প্রত্যেক কালেক্টর সাহেবকে জানিতে হইবে, এবং এই আইনের কার্য্যপক্ষে সাধারণ কি বিশেষমতে অন্য যে কার্য্যকারকের প্রতি কালেক্টরের ক্ষমতা প্রদান করা যায়, ঐ শব্দে তিনিও গণ্য।

"ডেপুটী কালেক্টর"।

এই আইনমতে কালেক্টর সাহেবের কিম্বা জরিপী কার্য্যের সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের যেং কর্ম্ম কর্ত্তব্য, তিনি যে ডেপুটী কালেক্টরের প্রতি ঐং কর্ম্ম অর্পণ করেন, "ডেপুটী কালেক্টর" শব্দে তিনিও গণ্য।

"মহাল"।

"মহাল" শব্দের মধ্যে এইং প্রকারের ভূমি জানিতে হইবে।

স্বতন্ত্ররূপে রাজস্ব ধার্য্য হইল বলিয়া যে ভূমি তৌজীতে লেখা যায়, তাহা।

ভাবি কোন সময়ে রাজস্বের দায়ী হইতে পারিবে বলিয়া যে ভূমি গবর্ণমেন্টহইতে একি পাট্টাক্রমে পাওয়া যায় তাহা।

যে নদী দিয়া নৌকাদির যাতায়াত হইতে পারে সেই নদীতে কিম্বা সমুদ্রে যে চড়া কি দ্বীপ পড়ে, যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে গবর্ণমেন্ট তাহা লইয়া ইচ্ছামতে কার্য্য করিতে পারিলে সেই চড়া কি দ্বীপ।

চিরকালের নিমিত্ত ভূমির রাজস্বের দায়হইতে মুক্ত যে ভূমি কালেক্টর সাহেবের রেজিষ্টরী বহীতে স্বতন্ত্র যোত বলিয়া লেখা থাকে তাহা।

এই ধারায় মহাল শব্দ বলিয়া যে প্রকারের ভূমি নির্ণয় হইল, সেই মহালে নদীর কি সমুদ্রের শিকস্তি কি পয়রস্তী দ্বারা যে ভূমি পাওয়া যায়, প্রচলিত আইন অনুসারে ঐ ভূমি যে তালুকে সংযুক্ত থাকে তাহারই বৃদ্ধিস্বরূপ জ্ঞান হইলে, সেই ভূমি ঐ মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে।

"Mouzah" includes every village, hamlet, tolah, and similar sub-division of an estate, pergunnah, or village by whatever name such sub-division may be known.

"Mouzah."

"Occupant" includes every zemindar, tenure-holder, farmer, and other person entitled to receive rents in respect of land, or holding land on a claim that he is so entitled, and every ryot in occupation of land.

"Occupant."

"Section" means a section of this Act.

"Section."

"Survey" includes identification of boundaries, and all other operations antecedent to, and connected with, survey.

"Survey."

"Tenure" includes all permanent interests in land, with the exception of estates as above defined, and with the exception of those of ryots having a right of occupancy only; it also includes all ghatwalee holdings.

"Tenure."

"Tenure-holder" means all or any of the holders of a tenure.

"Tenure-holder."

"Zemindar" means all or any of the holders of an estate.

"Zemindar."

PART II.

Of the Survey.

3. The Lieutenant-Governor may, whenever he shall think fit, order that a survey shall be made of the lands situated in any district, or in any part of a district, or in any specified tract of country, and that the boundaries of estates, tenures, mouzahs, or fields be demarcated on the lands so to be surveyed:

Lieutenant-Governor may order survey.

Provided that in any district, of which a survey may have been completed and approved by the Government, it shall not be lawful for the Lieutenant-Governor to order a new survey of lands on the banks of rivers or on the sea-shore to be made for the purposes described in Act IX of 1847 (*an Act regarding the assessment of land*

"মৌজা" শব্দের মধ্যে গ্রাম, পল্লী, টোলাপ্রভৃতি মহালের কি পরগনার কি গ্রামের যেং খণ্ড যে নামে জানা গিয়া থাকে সেইং খণ্ডও গণ্য।

"মৌজা"

"দখীলকার" শব্দের মধ্যে জমীদার, তালুকদার, ইজারদার ও অন্য যে ব্যক্তি ভূমির খাজানা পাইবার স্বত্ববান তিনি, কিম্বা তদ্রূপ স্বত্ববান আছেন এই দাওয়ামতে যে ব্যক্তি জমী ভোগ করেন তিনি, ও যে প্রজার দখলে জমী থাকে সেই প্রজাও গণ্য।

"দখিলকার"

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

"ধারা।"

"জরীপ" শব্দের মধ্যে জরীপীকার্য্যের পূর্ব্বে ও তৎসংযোগে সীমা নির্ণয় করণপ্রভৃতি যে সকল কার্য্য করা যায় তাহাও গণ্য।

"জরীপ"

পূর্ব্ব নির্ণীত মহালছাড়া ও যে প্রজাদের কেবল দখলী স্বত্ব থাকে তাহাদের সম্পর্ক ছাড়া, "তালুক" শব্দের মধ্যে ভূমিগত সকল চিরকালীন সম্পর্কও গণ্য। এই শব্দে সকল ঘাটওয়ালী যোতও গণ্য।

"তালুক"

"তালুকদার" শব্দে যাঁহাদের তালুক থাকে তাঁহাদের সকলকে কি তন্মধ্য কোন ব্যক্তিকে জানিতে হইবে।

"তালুকদার"

"জমীদার" শব্দে যাঁহাদের মহাল থাকে তাঁহাদের সকলকে কি তন্মধ্য কোন ব্যক্তিকে জানিতে হইবে ইতি।

"জমীদার"

দ্বিতীয় অধ্যায়।

জরীপ করণ বিষয়ক বিধি।

৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যৎকালে বিহিত বোধ করেন, তৎকালে কোন জিলার, কিম্বা জিলার কোন অংশের, কিম্বা দেশের কোন বিশেষ খণ্ডের অন্তর্গত সমস্ত ভূমির জরীপ করিবার, ও তদ্রূপে যে সকল ভূমি জরীপ করিতে হইবে সেই ভূমিগত মহালের কি তালুকের কি মৌজার কি ক্ষেত্রের সীমার চিহ্ন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

জরীপ করিবার আজ্ঞা করিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ক্ষমতার কথা।

পরন্তু গবর্ণমেণ্টের দ্বারা কোন জিলার জরীপীকার্য্য সমাপ্ত হইয়া অনুমোদিত হইলে পর দশ বৎসর গত না হইলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৪৭ সালের ৯ আইনের (অর্থাৎ বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের মধ্যে সমুদ্র অথবা নদী শিকস্ত অথবা পৈবস্তের দ্বারা প্রাপ্ত ভূমির রাজস্ব নির্দ্ধার্য্য করণের বিষয়ি আইনের) নির্দ্দিষ্ট কার্য্যপক্ষে, সেই জিলার অন্তর্গত নদীর

gained from the sea or from rivers by alluvion or dereliction within the Provinces of Bengal, Behar, and Orissa), until ten years shall have expired from the completion and approval of any such previous survey.

কি সমুদ্রতীরস্থ ভূমির নূতন জরীপ হইবার আজ্ঞা দিতে পারিবেন না ইতি।

Lieutenant-Governor may appoint Superintendent of Survey.

4. For the purpose of carrying out any survey directed to be made under the last preceding section, or for any or all of the purposes of this Act,

the Lieutenant-Governor may appoint a Superintendent of Survey, who may exercise all or any of the powers of a Collector under this Act;

and may appoint one or more Assistant Superintendents and Deputy Collectors, who shall exercise all the powers of a Collector in respect to such matters under this Act as may be delegated to such Assistant Superintendents or Deputy Collectors respectively by the Collector or Superintendent of Survey, and not otherwise:

Provided that, notwithstanding the appointment of a Superintendent of Survey for any tract of country, it shall be competent to the Board of Revenue to direct that the Collector shall perform any duties under the Act within the said tract.

জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিযুক্ত করিতে পারিবার কথা।

৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে জরীপী কার্য্য হইবার আজ্ঞা হইলে, সেই কার্য্যের ও এই আইনমত অন্য সকল কি কোন কার্য্যের উপলক্ষে,

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টকে নিযুক্ত করিতে পারিবেন। এই আইনমতে কালেক্টর সাহেবের যে২ ক্ষমতা থাকে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই সকল কি তন্মধ্য কোন২ ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

আরো তিনি এক কি কএক জন আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট ও ডেপুটী কালেক্টর নিযুক্ত করিতে পারিবেন। কালেক্টর সাহেব কিম্বা জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের কি ডেপুটী কালেক্টরদের প্রতি যে২ বিষয় অর্পণ করেন, সেই২ বিষয়ে এই আইনমতে কালেক্টর সাহেব যে সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন, তাঁহারাও সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন, অন্য স্থলে নয়,

পরন্তু দেশের কোন খণ্ডে জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত থাকিলেও, রেবিনিউ বোর্ডের সাহেবেরা দেশের সেই খণ্ডে কালেক্টর সাহেবকে এই আইনমত কোন কার্য্য করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Collector to publish a proclamation before entering on lands.

5. Before entering on any lands for the purpose of a survey, the Collector shall cause to be published a proclamation addressed to the occupants of the lands which are about to be surveyed, and of the conterminous lands, and to all persons employed on, or connected with the management of, or otherwise interested in, such lands, calling upon them to attend, either personally or by agent before the Collector or any officer authorized by the Collector in that behalf, at such places and at such times as shall be stated in such proclamation, during the demarcation and survey of the land, for the purpose of pointing out the boundaries and of rendering such aid as may be necessary in setting up or repairing such boundary marks as may be required, and of affording such assistance and information as may be needed for the purposes of this Act.

Such proclamation shall be published by posting a copy thereof

at the Court of the Judge and at the office of the Collector of every district within which any

জমীতে যাইবার পূর্ব্বে কালেক্টর সাহেবের ঘোষণাপত্র প্রকাশ করিতে হইবার কথা।

৫ ধারা। কালেক্টর সাহেব কোন ভূমিখণ্ড জরীপ করিবার জন্যে সেই ভূমিতে প্রবেশ করিবার পূর্ব্বে, যে ভূমি জরীপ করা যাইবে তাহার ও তন্নিকট সকল ভূমিখণ্ডের দখীলকারদের নামে, ও সেই ভূমিতে যাঁহারা কর্ম্মে নিযুক্ত থাকে, কিম্বা ঐ ভূমির অধ্যক্ষতা কার্য্যে যাঁহাদের সম্পর্ক থাকে, কিম্বা ভূমিতে যাঁহাদের অন্য প্রকারের স্বার্থ থাকে, তাঁহাদের নামে এই মর্ম্মের ঘোষণাপত্র প্রচার করাইবেন যে, ঐ ভূমির সীমার চিহ্ন দেওয়ার ও তাহা জরীপ করিবার কার্য্য যত দিন চলে, তত দিন তাঁহারা সীমা দেখাইয়া দিবার জন্যে, এবং সীমার যে চিহ্ন দিবার আজ্ঞা হয় তাহা স্থাপন করিবার কি সারাইয়া দিবার জন্যে যদ্রূপ সাহায্য করা আবশ্যক তাহা করিবার নিমিত্ত, এবং এই আইনের কার্য্যপক্ষে যদ্রূপ সাহায্য করা ও যদ্রূপ সন্ধান জানান আবশ্যক, তাহা করিবার ও জানাইবার জন্যে, ঐ ঘোষণাপত্রের লিখিত নানা সময়ে ও স্থানে নিজে কিম্বা মোক্তারের দ্বারা কালেক্টর সাহেবের সম্মুখে, কিম্বা এতৎ কার্য্যপক্ষে কালেক্টর সাহেব অন্য যে কার্য্যকারককে ক্ষমতা প্রদান করেন তাঁহার সম্মুখে, উপস্থিত থাকেন।

উক্ত ঘোষণাপত্রের নকল এই২ স্থানে লাগাইয়া ঐ ঘোষণাপত্র প্রকাশ করা যাইবে,—

যে ভূমি জরীপ করিতে হইবে তাহার কোন অংশ যে২ জিলার মধ্যে থাকে বলিয়া জানা আছে সেই২ জিলার

portion of the lands about to be surveyed may be known to be situated;

at every sub-divisional office, police station, moonsiff's court, and sub-registrar's office within the jurisdiction of which any portion of the land about to be surveyed may be known to be situated;

at one or more mâl cutcherries on each estate; and at such other place or places as to the Collector may seem fit.

6. After issue of a proclamation as aforesaid, the Collector and any persons acting under his authority may enter upon such lands, and do all things and make all enquiries necessary for effecting the survey and demarcation of the boundaries thereof.

Collector may enter upon land.

7. The Collector may also, by a special notice, require any such person to attend before him, or before any person authorized by the Collector in that behalf, within a specified time, which shall not be less than fifteen days after the service of the notice, at any places, for any of the purposes aforesaid; and every person on whom such special notice may be served shall be legally bound to attend as required by the notice, and to do any of the things mentioned in section five, and to give any information which may be required, so far as he may be able to give it.

Collector may serve special notice.

8. When any materials or labor shall have been supplied for any of the purposes mentioned in section five, the Collector or other officer making a requisition under that section shall forthwith cause the price of such materials or labor to be paid to the person by whom the same were supplied.

Collector to pay the price of materials or labor supplied.

9. The Collector, or other survey officer authorized by the Collector in that behalf, may, by a special notice, require any occupant to clear any boundary or other line which it may be necessary to clear for the purposes of the survey, by cutting down and removing any trees, jungle, fences, or standing crops.

Collector may require occupants to clear boundary lines.

জজ সাহেবের আদালতে ও কালেক্টর সাহেবের কাছারীতে।

যে ভূমি জরীপ করিতে হইবে তাহার কোন অংশ যে মহকুমার ও পোলীস থানার ও মুনসেফের ও সব-রেজিষ্ট্রারের এলাকায় থাকে বলিয়া জানা আছে সেই মহকুমার কাছারীতে ও সেই থানায় ও সেই মুনসেফের আদালতে ও সব-রেজিষ্ট্রারের কাছারীতে,

প্রত্যেক মহালের এক কি কএক মাল কাছারীতে, ও অন্য যে বা যেং স্থানে কালেক্টর সাহেব উচিত বোধ করেন সেই বা সেইং স্থানে ইতি।

৬ ধারা। পূর্ব্বোক্ত ঘোষণাপত্র প্রচার করা গেলে পর, কালেক্টর সাহেব ও তাঁহার আজ্ঞাধীনে কর্ম্মকারি ব্যক্তিরা সেই ভূমিখণ্ডে প্রবেশ করিয়া তাহার জরীপ করিবার ও সীমার চিহ্ন দিবার আবশ্যক সকল কর্ম্ম করিতে ও সকল অনুসন্ধান লইতে পারিবেন ইতি।

কোন ভূমিখণ্ডে কালেক্টর সাহেবের যাইবার ক্ষমতার কথা।

৭ ধারা। আরো কালেক্টর সাহেব বিশেষ নোটিস দিয়া উক্ত কোন ব্যক্তিকে পূর্ব্বোক্ত কোন কার্য্যের নিমিত্ত, ঐ নোটিস পাইবার পর পনেরো দিনের অন্যূন কোন নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন স্থানে আপনার সম্মুখে, কিম্বা তিনি এতৎ কার্য্যপক্ষে অন্য যে ব্যক্তিকে ক্ষমতা প্রদান করেন তাঁহার সম্মুখে, উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন। ও যেং ব্যক্তিকে তদ্রূপ বিশেষ নোটিস দেওয়া যায় তাঁহারা আইনমতে সেই নোটিসের আজ্ঞানুসারে উপস্থিত হইতে ও ৫ ধারার উল্লিখিত কোন কার্য্য করিতে, ও যে সন্ধান জানিবার প্রয়োজন হয় তাহা যত দূর পারেন তত দূর জানাইতে আবদ্ধ হইবেন ইতি।

কালেক্টর সাহেবের বিশেষ নোটিস জারী করিতে পারিবার কথা।

৮ ধারা। ৫ ধারার উল্লিখিত কোন কার্য্যের নিমিত্ত কোন সরঞ্জাম কিম্বা মজুর যোগাইয়া দেওয়া গেলে, যে ব্যক্তি ঐ সরঞ্জাম কি মজুর যোগাইয়া দিলেন, কালেক্টর সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারক ঐ ধারামতে আজ্ঞা প্রচার করিলেন তিনি তাঁহাকে অগৌণেই ঐ সরঞ্জামের মূল্য ও মজুরী দেওয়াইবেন ইতি।

যে সরঞ্জাম কি মজুরী দেওয়া যায় তাহার মূল্য কালেক্টর সাহেবের দিতে হইবার কথা।

৯ ধারা। জরীপ করিবার নিমিত্তে কোন সীমা কি অন্য রেখা পরিষ্কার করিয়া ফেলা আবশ্যক হইলে, কালেক্টর সাহেব কিম্বা এতৎকার্য্য পক্ষে কালেক্টর সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত অন্য জরীপা কার্য্যকারক, ভূমির কোন দখিলকারের নামে বিশেষ নোটিস দিয়া, তাঁহাকে কোন গাছ কি জঙ্গল কি বেড়া কি ক্ষেত্রের ফসল কাটিয়া স্থানান্তর করিয়া ঐ সীমা কি রেখা পরিষ্কার করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

সীমার রেখা পরিষ্কার করিতে দখিলকারদিগকে কালেক্টর সাহেবের আজ্ঞা দিবার কথা।

10. If any demand for compensation be made, in respect of the clearance of any line in accordance with a requisition under the last preceding section, the Collector shall ascertain and record the nature and estimated value of any trees, jungle, fences, or standing crops which may have been cut down or removed, and shall offer adequate compensation to the owners thereof, together with payment for all expenses incurred in carrying out the said requisition.

Compensation.

11. When the demarcation of a village or other convenient tract has been completed, the Ameen or other survey officer shall, before sending in to the Collector the maps and papers relating thereto, by a general notice in which the names of all persons required to appear shall be specified, and which shall be posted up at a convenient place in the village or tract, call upon all persons who have pointed out any boundaries in such village or tract on behalf of those interested to attend before him within three days of the publication of the said notice for the purpose of inspecting the maps, field-books, and similar papers in which any boundary pointed out by any such person has been represented, and by signing such maps and papers to certify that the boundaries have been laid down in accordance with the boundaries pointed out by them; and every person so called upon shall be legally bound to attend before such Ameen or survey officer, and to inspect the papers, in accordance with such requisition.

Ameen or Survey Officer to call upon persons to sign maps or papers.

Any person so called upon, who may object to sign the maps and papers as aforesaid, shall be required to state his objections in writing, and such statement shall be attached to the record of the demarcation of the village or tract, and shall be submitted to the Collector together with the maps and papers.

Statement of objections.

The signature affixed to any maps or papers under this section shall be in attestation of the fact that the boundaries thereon represented, or any of them, have been represented in accordance with those pointed out by the person signing; and the affixing of such signature shall not be held to prejudice the right of any person interested to make any objection to such boundaries on any

Effect of signature.

১০ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে কোন রেখা পরিষ্কার করিবার আজ্ঞা প্রচার হওয়াতে যদি হানিপূরণ পাইবার কোন দাওয়া হইয়া থাকে, তবে যে২ গাছ কি জঙ্গল কি বেড়া কি ক্ষেত্রের ফসল কাটিয়া স্থানান্তর করা গেল, তাহা কি২ প্রকারের, ও তাহার অনুমান কত মূল্য হইবে, কালেক্টর সাহেব ইহা নিশ্চিতমতে জানিয়া লইয়া লিপিবদ্ধ করিয়া স্বামিদের উপযুক্ত হানিপূরণ এবং সেই আজ্ঞামতে কার্য্য করণার্থে যত টাকা খরচ হইল তাহাও দিতে প্রস্তাব করিবেন ইতি।

হানিপূরণের কথা।

১১ ধারা। কোন গ্রামের কিম্বা উপযুক্ত অন্য ভূমি খণ্ডের চিহ্ন দেওয়ার কার্য্য সম্পন্ন হইলে পর, আমীন কিম্বা জরীপী অন্য কার্য্যকারক ঐ ভূমি সম্পর্কীয় ম্যাপ ও কাগজপত্র কালেক্টর সাহেবের নিকট পাঠাইবার পূর্ব্বে একখান সাধারণ নোটিস প্রচার করিয়া, যে২ ব্যক্তিদের উপস্থিত হওয়া প্রয়োজন ঐ নোটিসে তাঁহাদের নাম লিখাইয়া, ঐ গ্রামের কি ভূমিখণ্ডের কোন উপযুক্ত স্থানে লাগাইয়া, ঐ গ্রামে কি ভূমিখণ্ডে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদের পক্ষ হইয়া যাঁহারা ঐ২ গ্রামের কি ভূমি খণ্ডের কোন সীমা দেখাইয়া দিয়াছেন, তাঁহাদিগকে ঐ ম্যাপ ও খসড়া বহী ও অন্য যে২ কাগজপত্রে উক্ত কোন ব্যক্তির দর্শান কোন সীমা লেখা থাকে সেই কাগজপত্র দেখিয়া লইবার জন্যে, ও তাঁহারা যে২ সীমা দেখাইয়া দিয়াছিলেন তদনুসারে ঐ সীমা লেখা গিয়াছে ঐ ম্যাপে ও কাগজপত্রে স্বাক্ষর করিয়া ইহার প্রমাণ করিবার জন্যে, ঐ নোটিস প্রকাশ হইবার পর তিন দিনের মধ্যে উপস্থিত হইতে আজ্ঞা করিবেন। তদ্রূপে যত ব্যক্তিকে আহ্বান করা যায়, তাঁহারা আইনমতে ঐ আমীনের কি জরীপী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইয়া ঐ আদেশানুসারে ঐ কাগজপত্র দেখিয়া লইতে আবদ্ধ থাকিবেন।

ম্যাপে কি কাগজপত্রে স্বাক্ষর করিবার নিমিত্তে আমীনের কি জরীপী কার্য্যকারকেব আহ্বান করিবার কথা।

যাঁহাকে উক্ত প্রকারে আহ্বান করা গেল এমত কোন ব্যক্তি পূর্ব্বোক্ত ম্যাপে ও কাগজপত্রে স্বাক্ষর করিতে আপত্তি করিলে, তাঁহার প্রতি সেই আপত্তি লিখিয়া জানাইতে আদেশ হইবে, এবং গ্রামের কি ভূমিখণ্ডের চিহ্ন দেওয়ার কাগজপত্রের সঙ্গে তাঁহার ঐ লিপিখানি সংযোগ করিয়া দিয়া ম্যাপের ও কাগজপত্রের সঙ্গে কালেক্টরসাহেবের নিকট অর্পণ করা যাইবে।

আপত্তি জানাইবার কথা।

কোন ব্যক্তি এই ধারামতে কোন ম্যাপে কি কাগজপত্রে স্বাক্ষর করিলে, তিনি যে২ সীমা দেখাইয়া দিয়াছিলেন, ঐ ম্যাপে কি কাগজপত্রে ঐ সীমা কিম্বা তন্মধ্যে কোন সীমা আপনার দেখাইয়া দেওনমতে লেখা গিয়াছে, তাঁহার ঐ স্বাক্ষরটি ইহার প্রমাণ স্বরূপ হইবে। তিনি সেই স্বাক্ষর করিলেও, উক্ত বিষয়ে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি ইহার পশ্চাৎ ধারামতে কালেক্টর সাহেবের সম্মুখে

স্বাক্ষর করার ফলের কথা।

other ground before the Collector under the next succeeding section.

অন্য কোন হেতু ধরিয়া ঐ সীমার বিষয়ে আপত্তি করিতে পারিবেন, তাঁহার এই স্বত্বের কোন হানি হইবে না ইতি।

On receipt of maps, Collector to post notification in his office.

12. On receipt in the Collector's Office of the maps or papers showing any boundaries which have been demarcated, the Collector shall cause a notification to be posted in his office, and in such other places as he may think proper, informing all persons concerned that the maps and papers relating to the boundaries in the village or tract specified are open to inspection; and requiring any person who may have any objections to prefer, to prefer such objections within six weeks of the date of the posting of such notification, after which time the Collector will proceed finally to confirm the boundaries as laid down for the purposes of the survey.

ম্যাপ পাইলেই কালেক্টর সাহেবের কাছারীঘরে জ্ঞাপনপত্র লাগাইয়া দিবার কথা।

১২ ধারা। যেং সীমার চিহ্ন দেওয়া গেল তাহা দেখাইবার ম্যাপ কি কাগজপত্র কালেক্টর সাহেবের কাছারীতে পাওয়া গেলে, তিনি আপন কাছারীতে, ও অন্য যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে, জ্ঞাপনপত্র লাগাইয়া দিয়া, সম্পর্কযুক্ত সকল ব্যক্তিকে জানাইবেন যে, অমুকং গ্রামের কি ভূমিখণ্ডের অন্তর্গত সীমাবিষয়ক সকল ম্যাপ ও কাগজপত্র তাঁহাদের দেখিবার জন্যে খোলা আছে, ও যাঁহাদের কোন আপত্তি থাকে তাঁহারা ঐ জ্ঞাপনপত্র লাগাইয়া দিবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে ঐ আপত্তি উপস্থিত করিবেন। ও সেই মিয়াদ গত হইলে কালেক্টর সাহেব জরীপী কার্য্যের উপলক্ষে ঐ লিখিত সীমা সকল চূড়ান্তরূপে স্থির করিতে প্রবর্ত্ত হইবেন।

Collector when to issue special notice.

Whenever the Collector shall have reason to believe (either from the failure of any person interested or his representatives to sign the maps and papers on the spot when required by the survey officer to do so under the last preceding section, or for any other reason), that any zemindar or person interested is likely to object to any boundary as laid down or as represented in the said papers, the Collector shall cause a special notice requiring such zemindar or other person to attend personally or by duly authorized agent before him, or before any person authorized by the Collector in that behalf, within a specified time, which shall not be less than one month after the service of the notice, for the purpose of signing and thereby admitting the correctness of any maps or other papers which have been prepared under this Act in respect of any boundary in which such zemindar or other person is interested, or of stating in writing the substance of any objection which he may wish to prefer against the correctness of such maps or papers; and if any person so summoned shall fail to attend and to sign the said maps or papers, or to give in a written statement of his objections within the time prescribed, the Collector may proceed finally to confirm the boundaries as represented in such maps and papers, for the purposes of the survey and of this Act.

কালেক্টর সাহেব যে স্থলে বিশেষ নোটিস জারী করিবেন তাহার কথা।

জরীপী কার্য্যকারক ইহার পূর্ব্ব ধারামতে সম্পর্কযুক্ত কোন ব্যক্তিকে কিম্বা তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে ঐ ম্যাপে ও কাগজপত্রে স্বাক্ষর করিতে কহিলেও তৎকালেই তাঁহাদের স্বাক্ষর না করা প্রযুক্ত কিম্বা অন্য কোন কারণে, উক্ত কাগজপত্রে যে সীমা লেখা থাকে কিম্বা যে সীমার চিহ্ন দেওয়া গেল কোন জমীদারের কিম্বা স্বার্থযুক্ত অন্য ব্যক্তির সেই সীমা বিষয়ে আপত্তি করিবার সম্ভাবনা, কালেক্টর সাহেবের এমত বোধ করিবার কারণ থাকিলে, ঐ জমীদারের কি অন্য ব্যক্তির যে সীমাতে স্বার্থ থাকে এই আইনমতে সেই সীমা সম্পর্কীয় যে ম্যাপ কি অন্য কাগজপত্র প্রস্তুত করা গেল, তাহাতে স্বাক্ষর করিয়া তাহা শুদ্ধ বলিয়া স্বীকার করিবার জন্যে, কিম্বা সেই ম্যাপ কি কাগজপত্র অশুদ্ধ বলিয়া যে আপত্তি করিতে চাহেন সেই আপত্তির মর্ম্ম লিখিয়া জানাইবার জন্যে কালেক্টর সাহেব বিশেষ নোটিস জারী করিয়া, সেই জমীদারকে কি অন্য ব্যক্তিকে ঐ নোটিস জারী হইবার পর এক মাসের অন্যূন কোন নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপনার সম্মুখে কিম্বা এতৎ কার্য্যপক্ষে তিনি যে ব্যক্তিকে ক্ষমতা প্রদান করেন তাঁহার সম্মুখে নিজে কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা উপস্থিত হইতে আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপে আহ্বান করা গেলেও সেই ব্যক্তি ঐ নির্দ্ধারিত সময়ের মধ্যে না আইলে, ও সেই ম্যাপে কি কাগজপত্রে স্বাক্ষর না করিলে, কিম্বা আপনার আপত্তি লিখিয়া না জানাইলে, কালেক্টর সাহেব জরীপী কার্য্য এবং এই আইনের কার্য্যপক্ষে ঐ ম্যাপের ও কাগজপত্রের চিহ্নিত সীমা চূড়ান্তরূপে স্থির করিতে প্রবর্ত্ত হইবেন।

Provided that if within the time specified any such duly authorized agent deposits with the Collector the necessary expenses of making copies of the said maps or papers, the Collector shall order such copies to be prepared, and as soon as they are prepared, shall cause a notice to that effect to be posted at his office, and the said agent shall be allowed such time as may be specified in such notice, not being less than fifteen days from the posting thereof, for the purpose of signing or of giving in a written statement of objections.

If agent deposits expenses of making copies, Collector shall order them to be prepared.

When a written statement of objections has been given in, as in this section provided, the Collector, after holding any further inquiry which he may deem necessary, shall pass such order in respect of such objections as to him shall seem fit; and if the objections shall seem to him not to be well founded, shall direct that all expenses of such further inquiry, and all expenses entailed on any other person by such inquiry, shall be recovered from the person who made the objection.

Procedure when objection is stated.

13. Whenever any person, having failed to sign the maps and papers, or to give in his objections in writing within the time prescribed by the notification or by the special notice mentioned in the last preceding section, shall, at any time before the Collector has finally confirmed the boundaries for the purposes of the survey, prefer any subsequent objection against the correctness of any maps or papers in respect of which such notification or notice was issued, the Collector shall require him to deposit the estimated costs of any further inquiry which it may be necessary to make in respect of his objection; and if the said person shall fail to deposit such costs within the time specified by the Collector, he shall be deemed for all purposes of this Act to have admitted the correctness of the said maps and papers. If the costs of any inquiry which may be deemed necessary be deposited, the Collector shall make such further inquiry at the expense of the person so objecting; and if the objection shall seem to the Collector not to be well founded, he may pass such order as he shall think fit in respect of the recovery from the objector of any sum expended by the Collector on the inquiry in excess of the sum deposited, and of any necessary expenses incurred by any other persons on account of such inquiry.

Person making subsequent objection may be required to deposit costs of further inquiry.

কিন্তু যদি উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ঐ মোক্তার ঐ মিয়াদের মধ্যে কালেক্টর সাহেবের নিকট ঐ ম্যাপের কি কাগজপত্রের নকল করিবার আবশ্যক খরচ গচ্ছিত করিয়া থাকেন, তবে কালেক্টর সাহেব সেই নকল করিয়া দিতে আজ্ঞা করিবেন। নকল করা গেলেই আপনার কাছারীতে সেই মর্ম্মের নোটিস লাগাইয়া দিবেন। ও ঐ নোটিস লাগাইয়া দিবার তারিখ অবধি ঐ নোটিসে পনেরো দিনের অন্যূন যত দিন নির্দ্দিষ্ট থাকে উক্ত মোক্তার এই ধারামতে স্বাক্ষর করিবার কিম্বা আপত্তিপত্র লিখিয়া দিবার নিমিত্তে তত দিন অবকাশ পাইবেন।

মোক্তার নকল করিবার খরচ আমানৎ করিলে ঐ নকল করিতে কালেক্টর সাহেবের আজ্ঞা করিবার কথা।

এই ধারামতে আপত্তিপত্র লিখিয়া দেওয়া গেলে পর, কালেক্টর সাহেব আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, ঐ আপত্তির বিষয়ে যে আজ্ঞা উচিত জ্ঞান করেন, করিবেন। ও তাঁহার বিবেচনায় সেই আপত্তি সমূলক না হইলে, ঐ অধিক অনুসন্ধান লওয়ার সকল খরচ ও সেই অনুসন্ধান লওয়া প্রযুক্ত অন্য কোন ব্যক্তির যে সকল খরচ লাগে তাহাও ঐ আপত্তিকারকের স্থানে আদায় করিতে আজ্ঞা করিবেন ইতি।

আপত্তি লিখিয়া দেওয়া গেলে কাৰ্য্যপ্রণালীর কথা।

১৩ ধারা। কোন ব্যক্তি জ্ঞাপনপত্রের, কিম্বা ইহার পূর্ব্ব ধারায় যে বিশেষ নোটিসের কথা লেখা আছে সেই নোটিসের নির্দ্ধারিত সময়ের মধ্যে, ম্যাপে ও কাগজ পত্রে স্বাক্ষর না করিলেও কিম্বা আপত্তি লিখিয়া না জানাইলেও যে ম্যাপের কি কাগজপত্রের বিষয়ে ঐ জ্ঞাপনপত্র কি নোটিস জারী হইয়াছিল, কালেক্টর সাহেবের জরীপী কার্য্যের উপলক্ষে সীমা চূড়ান্তরূপে স্থির করিবার পূর্ব্ব কোন সময়ে, যদি ঐ ব্যক্তি তাহার শুদ্ধতার বিষয়ে কোন আপত্তি উপস্থিত করিয়া থাকেন, তবে সেই আপত্তির উপলক্ষে আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক হইতে পারে কালেক্টর সাহেব তাঁহাকে সেই অনুসন্ধান লওয়ার আনুমানিক খরচ গচ্ছিত করিতে আজ্ঞা করিবেন। ও কালেক্টর সাহেব যে সময় নিরূপণ করেন, ঐ ব্যক্তি সেই সময়ের মধ্যে ঐ খরচ গচ্ছিত না করিলে, তিনি এই আইনের সকল কার্য্যপক্ষে ঐ ম্যাপ ও নকশা শুদ্ধ বলিয়া স্বীকার করিয়াছেন, এমত জ্ঞান হইবে। যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক তাহার খরচ গচ্ছিত করা গেলে, কালেক্টর সাহেব সেই আপত্তিকারকের খরচে ঐ অধিক অনুসন্ধান লইবেন, আর কালেক্টর সাহেব সেই আপত্তি সমূলক জ্ঞান না করিলে, ঐ অনুসন্ধান কার্য্যের নিমিত্ত গচ্ছিত টাকার অধিক যাহা খরচ করিয়া থাকেন, এবং ঐ অনুসন্ধান লওয়াহেতুক অন্য কোন ব্যক্তির আবশ্যক খরচ হইয়া থাকিলে, তিনি আপত্তিকারকের স্থানে সেই টাকা ফিরিয়া পাইবার যে আজ্ঞা করা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন।

তৎপরে কোন ব্যক্তি আপত্তি করিলে তাঁহার প্রতি আর অনুসন্ধান লইবার খরচ গচ্ছিত করিতে আজ্ঞা হইবার কথা।

Provided that no person so making an objection after the prescribed time, shall, under any circumstances, be entitled to recover the expenses which he is required to deposit before any further inquiry is made in respect of such subsequent objection.

PART III.

OF BOUNDARY MARKS.

Collector may erect temporary boundary marks.

14. The Collector may cause to be erected temporary boundary marks of such materials, and in such number and manner as he may direct, on any lands to be surveyed under this Act;

and may require any occupant of land to maintain and keep in repair such marks, or any boundary marks,

until any survey operations shall be concluded and a final award given as to any disputed boundary, or

until permanent boundary marks may be erected in lieu thereof as hereinafter provided.

Collector may erect permanent boundary marks.

15. The Collector may at any time cause to be erected, on any land which is to be, or which has been surveyed under this Act, permanent boundary marks of such materials, and in such number and manner, as he may determine to be sufficient to distinguish the boundaries of the estates, tenures, mouzahs, or fields for which the same are to be erected.

Specification of marks and estimate of their cost to be posted in Collector's Office.

Provided that seven days before he proceeds to the erection of any permanent boundary marks, the Collector shall, for the information of all concerned, cause to be posted in his office, and in the mál cutcherry, or at some other convenient place on every estate concerned, a specification of the number and character of the marks which he proposes to erect on the estate and an estimate of their cost.

Apportionment of expenses.

16. All expenses incurred by the Collector in erecting temporary or permanent boundary marks under this Act shall, in manner hereinafter provided, be apportioned among, and levied from, the zemindars and tenure-holders on their estates;

পরন্তু কোন ব্যক্তি নির্দ্দিষ্ট সময়ের পরে উক্ত প্রকারে আপত্তি করিলেও, পশ্চাৎ ঐ আপত্তির উপলক্ষে আর কোন প্রকারের অনুসন্ধান করিবার পূর্ব্বে তাঁহার যে খরচ গচ্ছিত করিবার আজ্ঞা হয়, তাহা তাঁহার ফিরিয়া পাইবার অধিকার নাই ইতি।

তৃতীয় অধ্যায়।

সীমার চিহ্নবিষয়ক বিধি।

সীমার যে চিহ্ন কিয়ৎকালের উপযুক্ত হয় কালেক্টর সাহেবের তাহার আজ্ঞা করিবার কথা।

১৪ ধারা। এই আইনমতে যে ভূমি জরীপ করিতে হইবে, কালেক্টর সাহেব তাহার সীমার কিয়ৎকালের উপযুক্ত চিহ্ন দেওয়াইতে পারিবেন, ও যে দ্রব্য লইয়া সেই চিহ্ন হইবে, ও যত গুলিন চিহ্ন যে২ প্রকারে দেওয়া যাইবে তাহারও আজ্ঞা করিতে পারিবেন।

এবং জরীপী কার্য্য যত দিন সমাপ্ত না হয়, ও সীমা বিষয়ক কোন বিবাদ হইলে সেই বিবাদের যত দিন চূড়ান্ত নিষ্পত্তি না হয়,

কিম্বা পূর্ব্বোক্ত কিয়ৎকালীন চিহ্নের পরিবর্ত্তে নিম্নলিখিত বিধানমতে যত দিন সীমার চিরকালীন চিহ্ন স্থাপন করা না যায়,

ভূমির কোন দখীলকারকে ঐ চিহ্ন কিম্বা সীমার কোন চিহ্ন তত দিন রাখিতে ও সারাইয়া রাখিতে আজ্ঞা দিতে পারিবেন ইতি।

সীমার চিরকালীন চিহ্ন কালেক্টর সাহেবের দিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। এই আইনমতে যে ভূমি জরীপ করিতে হইবে, কিম্বা যাহা জরীপ করা গেল, কালেক্টর সাহেব কোন সময়ে সেই ভূমির সীমার চিরকালীন চিহ্ন স্থাপন করাইয়া দিতে পারিবেন। যে মহালের কি তালুকের কি মৌজার কি ক্ষেত্রের ঐ চিহ্ন দিতে হইবে, তাহার সীমা নিরূপণের নিমিত্ত তিনি যে দ্রব্যের যত গুলি চিহ্ন যে প্রকারে দিলে প্রচুর বলিয়া নির্ণয় করেন, সেই দ্রব্যের সেই প্রকারের ততই চিহ্ন দেওয়া যাইবে।

যে২ প্রকারের চিহ্ন দিতে হইবে ও তাহার অনুমান যত খরচ লাগিবে কালেক্টর সাহেবের কাছারী ঘরে ইহার কথা লাগাইয়া দিবার কথা।

কিন্তু সীমার চিরস্থায়ি চিহ্ন স্থাপন করিবার পূর্ব্বে, যত গুলি ও যে২ প্রকারের চিহ্ন স্থাপন করিবেন ও তাহার অনুমান যত খরচ লাগিবে, তিনি সাত দিন থাকিতে, স্বার্থযুক্ত সকল ব্যক্তির জানিবার জন্যে আপনার কাছারী ঘরে ও এই বিষয়ে যে২ মহালের স্বার্থ থাকে, সেই২ মহালের মাল কাছারীতে কিম্বা সঙ্গত অন্য কোন স্থানে সেই কথার এক নির্দ্দেশ পত্র লাগাইয়া দিবেন ইতি।

অংশাংশমতে খরচা নিরূপণ করিবার কথা।

১৬ ধারা। এই আইনমতে সীমার কিয়ৎকালীন কি চিরকালীন চিহ্ন স্থাপন করিতে কালেক্টর সাহেবের যত খরচ লাগে, নিম্নলিখিত বিধানমতে সেই২ মহালের জমীদারদের ও তালুকদারদের স্থানে ঐ খরচ অংশাংশ করিয়া নিরূপণ করণপূর্ব্বক লওয়া যাইবে।

Provided that no tenure-holder shall be liable to pay any portion of the expenses incurred by the erection of boundary marks on an estate, unless some portion of his tenure is situated within fifteen hundred feet of some such boundary mark.

কিন্তু কোন তালুকদারের তালুকের কোন অংশ সেই সীমার চিহ্ন হইতে পনের শত ফুটের মধ্যে না থাকিলে, তিনি মহালের উপর সেই চিহ্ন স্থাপন করিবার খরচের কোন অংশের দায়ী হইবেন না ইতি।

Lands not subject to rent to be deemed to be part of a tenure.

17. All lands held without payment of rent, not being entered on the Collector's register of revenue-free tenures of the district, shall, for the purposes of this Act, be deemed to form a part of the tenure within the local boundaries of which they may be included; and if they be not included within the local boundary of any tenure, then to be a part of the estate within the local boundaries of which they are included, and if they be not included within the local boundaries of any one estate, then to be a part of such conterminous estate as the Collector, in whose district such conterminous estate is situated, shall, by an order under his seal, appoint.

তালুকের মধ্যে নিষ্কর ভূমিও ধরিবার কথা।

১৭ ধারা। কালেক্টর সাহেবের নিকট জিলার নিষ্কর তালুকের যে রেজিষ্টর থাকে, তাহার মধ্যে নিষ্কর যে ভূমি লেখা নাই, তাহা যে তালুকের সীমার মধ্যে ধরা যায়, এই আইনের কার্য্যপক্ষে সেই তালুকের একাংশ বলিয়া জ্ঞান হইবে। কোন তালুকের সীমার মধ্যে ধরা না গেলে, যে মহালের সীমার মধ্যে ধরা যায় সেই মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে। ও কোন একি মহালের সীমার মধ্যে ধরা না গেলে, ঐ ভূমির লাগাও কোন মহাল যে কালেক্টর সাহেবের জিলার মধ্যে থাকে তিনি আপনার মোহর করা আজ্ঞাপত্রক্রমে যে মহালের মধ্যে ঐ ভূমিখণ্ড ধরিতে আজ্ঞা করেন, তাহা সেই মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে।

Provided that no rent-free holding, of which the annual value is less than five rupees, shall be liable to pay any portion of the expenses of erecting boundary marks under this Act.

কিন্তু নিষ্কর যে যোতের বার্ষিক মূল্য ৫ টাকার কম, সেই যোত এই আইনমতে সীমার চিহ্ন স্থাপন করিবার অংশের দায়ী হইবে না ইতি।

Procedure when occupant fails to maintain boundary mark.

18. If any occupant on whom a requisition has been made under section fourteen, fails to maintain, or keep in repair, any temporary boundary mark, the Collector may maintain, keep in repair, or restore any such boundary mark, and the expenses thereby incurred shall be recovered as provided in section fifty-seven from the person so failing to maintain, or keep in repair, any such boundary mark.

প্রজা সীমার চিহ্ন সারাইয়া না রাখিলে কার্যপ্রণালীর কথা।

১৮ ধারা। কোন দখীলকারের প্রতি ১৪ ধারামতে আজ্ঞা করা গেলেও যদি সীমার কিয়ৎকালীন চিহ্ন রক্ষা করিতে কি সারাইয়া রাখিতে ক্রটি করেন, তবে কালেকটর সাহেব সেই সীমার চিহ্ন রক্ষা করিতে কি সারাইয়া রাখিতে কিম্বা নূতন করিয়া দিতে পারিবেন, ও তাহাতে যে খরচ লাগে যে ব্যক্তি ঐ সীমার চিহ্ন রক্ষা করিতে কি সারাইয়া রাখিতে ক্রটি করিলেন, ৫৭ ধারামতে তাঁহারই স্থানে ঐ খরচ আদায় করা যাইবে ইতি।

Zemindar, &c., bound to preserve boundary-marks and give notice to Collector when they are injured.

19. Every zemindar, tenure-holder and farmer of land shall be legally bound to preserve, as far as lies in his power, such of the permanent boundary marks lawfully erected on his estate, tenure, or farm, or on the boundary between his estate, tenure, or farm, and any other estate tenure, or farm, as may be assigned to him in that respect entirely, or jointly with other persons, under the provisions of section twenty-nine, and shall give immediate notice to the Collector if any such marks are injured, destroyed, or removed, or require repairs.

সীমার চিহ্ন জমীদারের রক্ষা করিতে ও হানি হইলে কালেক্টর সাহেবকে নোটিস দিতে হইবার কথা।

১৯ ধারা। ২৯ ধারার বিধানমতে কোন জমীদারের কি তালুকদারের কি ভূমির ইজারদারের মহালে কি তালুকে কি ইজারায়, কিম্বা আপনার ও অন্য কোন মহালের কি তালুকের কি ইজারার মধ্যভাগে যে সীমা একেবারে তাঁহার প্রতি কিম্বা অন্য ব্যক্তিদের সহযোগে তাঁহার প্রতি নিরূপণ করা যায়, সেই সীমার চির কালীন যে চিহ্ন আইনমতে স্থাপন করা যায় তিনি আইনঅনুসারে আপনার সাধ্যমতে তাহা রক্ষা করিতে বদ্ধ আছেন, ও তদ্রূপ কোন চিহ্নের হানি হইলে কি তাহা নষ্ট করা কি উঠাইয়া দেওয়া গেলে কিম্বা তাহার সারাইবার প্রয়োজন থাকিলে তিনি অগৌণে কালেক্টর সাহেবকে নোটিস দিবেন ইতি।

20. Whenever it shall come to the notice of the Collector that any permanent boundary mark erected under the provisions of this Act, has been injured, destroyed, or removed, or requires repairs, the Collector may cause such boundary mark to be re-erected, restored, or repaired, and may recover any expenses incurred in respect of such re-erection, restoration, or repair, in such proportions as he shall think fit, from the zemindars and tenure-holders to whom such boundary mark may have been assigned in that respect under the provisions of section twenty-nine, and all such expenses shall be recoverable as provided in section fifty-seven.

Collector may re-erect injured boundary mark and recover expenses from zemindar, &c.

21. Nothing contained in this Act shall be held to prohibit the Collector from causing any temporary or permanent marks to be erected, maintained or repaired by any occupant of land, under the directions of the said Collector, and with the consent of such occupant.

Collector may cause boundary mark to be erected by occupant of land with his consent.

The Collector shall repay to such occupant the expenses incurred in such erection or repair, and such expenses shall be apportioned and recovered as provided in Part IV.

PART IV.

Of the Apportionment and Recovery of Expenses.

22. Upon the completion of the erection of boundary marks on any tract of land of which the survey may have been ordered, or on any convenient portion thereof, the Collector shall forthwith prepare a statement of all expenses incurred in respect of such boundary marks.

Collector to prepare statement of all expenses incurred in respect of boundary marks.

23. Such statement shall show the total number of marks of each description which have been erected on such tract, or portion of such tract, the aggregate cost of erecting all the marks of each description, the names of the estates and mouzahs within, or on the boundaries of which any marks have been erected, and the total number of marks of each description erected within or on the boundary of each estate.

Contents of the statement.

২০ ধারা। এই আইনমতে সীমার যে চিরস্থায়ি চিহ্ন স্থাপন করা গেল, তাহার হানি হইয়াছে, কিম্বা তাহা নষ্ট করা কি উঠাইয়া দেওয়া গেল, কিম্বা তাহার সারাইবার প্রয়োজন হইল, এই কথা কালেক্টর সাহেবকে জ্ঞাত করা গেলে, তিনি সেই সীমার চিহ্ন পুনঃস্থাপন করিতে কি নূতন করিয়া দিতে কি সারাইয়া দিতে পারিবেন। ও সীমার সেই চিহ্ন ২৯ ধারার বিধানমতে যে জমীদারদের ও তালুকদারদের প্রতি নিরূপণ করা গেল, তাঁহারদের মধ্যে যে হিসাবমতে যত খরচ ধরা উচিত বোধ করেন অংশাংশ করিয়া তাঁহাদের স্থানে ঐ সীমার চিহ্ন পুনঃস্থাপন করিবার কি নূতন করিয়া কি সারাইয়া দিবার ঐ খরচ লইতে পারিবেন। ও সেই খরচ ৫৭ ধারার বিধানমতে আদায় হইতে পারিবে ইতি।

সীমার চিহ্নের হানি হইলে কালেক্টর সাহেবের তাহা নূতন স্থাপন করিতে ও জমীদার প্রভৃতির স্থানে খরচ আদায় করিতে পারিবার কথা।

২১ ধারা। কালেক্টর সাহেব ভূমির দখীলকারের সম্মতি লইয়া আপনার আদেশমতে তাঁহারই দ্বারা কিয়ৎকালীন কি চিরস্থায়ি চিহ্ন স্থাপন করাইতে কি সারাইয়া রাখিতে কি মেরামত করাইতে পারিবেন, এই আইনের কোন কথার দ্বারা ইহার নিষেধ হইল না।

ভূমির দখিলকারের অনুমতি লইয়া তাঁহারই দ্বারা কালেক্টর সাহেবের সীমার চিহ্ন স্থাপন করাইবার কথা।

ঐ চিহ্ন স্থাপন কি মেরামত করিতে যত টাকা খরচ লাগে কালেক্টর সাহেব দখীলকারকে তাহা ফিরিয়া দিবেন, ও চতুর্থ অধ্যায়ে যদ্রূপ বিধান আছে ঐ খরচ তদ্রূপে অংশাংশমতে নিরূপণ করিয়া আদায় করা যাইবে ইতি।

চতুর্থ অধ্যায়।

খরচ অংশাংশমতে নির্ণয় ও আদায় করণবিষয়ক বিধি।

২২ ধারা। কোন ভূমিখণ্ড জরীপ করিতে আজ্ঞা হইলে, সেই ভূমিখণ্ডে কিম্বা তাহার উপযুক্ত কোন অংশে সীমার চিহ্ন স্থাপনের কার্য্য সমাপ্ত হইলে পর, ঐ সীমার চিহ্ন সম্পর্কে যত টাকা খরচ হইল, কালেক্টর সাহেব সাধ্যমতে ত্বরায় তাহার কৈফিয়ৎ প্রস্তুত করিবেন ইতি।

সীমার চিহ্ন সম্পর্কে যত খরচ হয় কালেক্টর সাহেবের তাহার কৈফিয়ৎ প্রস্তুত করিবার কথা।

২৩ ধারা। ঐ ভূমিখণ্ডে কি ঐ খণ্ডের সেই অংশে একং প্রকারের যতগুলি চিহ্ন দেওয়া গেল, ও একং প্রকারের ঐ সকল চিহ্ন স্থাপন করিতে মোটে যত টাকা খরচ লাগিল তাহা, ও যেং মহালের ও মৌজার মধ্যে কি যাহার সীমানায় কোন চিহ্ন স্থাপন করা গেল তাহার নাম, ও একং মহালের মধ্যে কি তাহার সীমানায় একং প্রকারের যত গুলি চিহ্ন দেওয়া গেল তাহার মোট সংখ্যা ঐ কৈফিয়তে লেখা থাকিবে ইতি।

ঐ কৈফিয়তের মর্ম্মের কথা।

24. Upon the completion of such statement, the Collector shall provisionally apportion the aggregate expenses of erecting the marks among the estates specified, with reference to the number of boundary marks of each description which have been erected within or on the boundary of each estate.

Collector to apportion the cost of erecting marks among the estates.

25. So soon as the provisional apportionment shall have been made as required by the last preceding section, the Collector shall cause a notice to be served on the zemindar of every estate on which the expenses have been apportioned,

Notice to be served.

(*a*) specifying the sum which has been apportioned on his estate, and as far as can be calculated, the sum which he will be required to pay on account of the service of notices on him under this section and section twenty-nine;

(*b*) informing him that the said statement is open to inspection in the office of the Collector;

(*c*) calling on him to appear in person, or by agent properly authorized, at the office of the Collector on a date to be specified in the notice (not being less than two months after the issue of the notice), on which date the Collector will proceed to consider any objections which may be made to the provisional apportionment of expenses;

(*d*) warning him that if he does not appear on the date fixed in pursuance of the notice he will be deemed to have waived all objections to the share of the expenses apportioned to his estate;

and (unless as otherwise hereinafter provided in sections thirty-one, thirty-two, and thirty-three)

(*e*) informing him that under this Act he is entitled to recover a portion of the amount which shall be finally made payable in respect of his estate under section twenty-six, from such tenure-holders on his estate as are made liable to bear a portion of such expenses by sections sixteen and seventeen (of which sections a copy shall be annexed to the notice); and that in order to enable the Collector to apportion the said amount among the said tenure-holders, he may give in a list of all such tenures

২৪ ধারা। ঐ কৈফিয়ৎ প্রস্তুত হইলে পর, একং মহালের মধ্যে কি তাহার সীমানায় একং প্রকারের যত গুলি সীমার চিহ্ন স্থাপন করা গেল কালেক্টর সাহেব তাহা লক্ষ করিয়া, ঐং মহালের মধ্যে ঐ চিহ্ন স্থাপন করিবার মোট খরচ আপাততঃ ভাগ করিয়া ধরিবেন ইতি।

ঐং মহালের মধ্যে চিহ্ন স্থাপন করিবার খরচ অংশাংশমতে নিরূপণ করিবার কথা।

২৫ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে খরচ আপাততঃ অংশাংশ করিয়া ধরা গেলে পর, যত মহালের মধ্যে ঐ খরচ অংশাংশমতে ধরা গেল কালেক্টর সাহেব সেইং মহালের জমীদারের নামে নোটিস দেওয়াইবেন। তন্মধ্যে

নোটিস জারী করিবার কথা।

(ক) অংশাংশ করিয়া তাঁহার মহালের দেনা বলিয়া যত টাকা ধরা গেল তাহা, ও এই ধারামতে ও ২৯ ধারামতে তাহার উপর যেং নোটিস জারী করা যাইতে পারে তন্নিমিত্তে আর যত খরচ হইবে অনুমানে যত দূর জানা যাইতে পারে তত দূর তাহাও নির্দ্দেশ করিয়া জানাইবেন।

(খ) উক্ত কৈফিয়ৎ কালেক্টর সাহেবের কাছারীতে দেখা যাইতে পারিবে, তাঁহাকে এই কথা জ্ঞাত করা যাইবে।

(গ) নোটিস জারী করিবার পর দুই মাসের অন্যূন যে তারিখ নোটিসে নির্দ্দিষ্ট থাকে, তাঁহার প্রতি সেই তারিখে কালেক্টর সাহেবের কাছারীতে আপনি কি উপযুক্তমতে ক্ষমতা প্রাপ্ত মোখ্তারের দ্বারা উপস্থিত হইবার আজ্ঞা থাকিবে। অংশাংশ করিয়া আপাততঃ যত খরচ ধরা গিয়াছে তদ্বিষয়ের কোন আপত্তি থাকিলে, কালেক্টর সাহেব সেই তারিখে ঐ আপত্তি বিবেচনা করিতে প্রবর্ত্ত হইবেন।

(ঘ) উক্ত জমীদার নোটিস অনুসারে নির্দ্ধারিত তারিখে উপস্থিত না হইলে, তাঁহার অংশের মধ্যে যত খরচ ধরা গিয়াছে তদ্বিষয়ে তিনি সকল আপত্তি ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান হইবে।

৩১, ৩২ ও ৩৩ ধারায় যে স্থলের অন্য বিধান হইয়াছে সেই স্থল ছাড়া

(চ) শেষে ২৬ ধারামতে তাঁহার মহালের সম্পর্কে দেনা বলিয়া খরচের যে অংশ ধরা যায়, আপন মহালের যে তালুকদারদিগকে ১৬ ও ১৭ ধারামতে ঐ খরচের অংশের দায়ি করা গেল তাঁহাদের স্থানে তিনি একাংশ ফিরিয়া পাইতে পারিবেন, এই কথাও তাঁহাকে জ্ঞাত করা যাইবে। (নোটিসের সঙ্গেং ঐ দুই ধারার নকলও দিতে হইবে।) ও কালেক্টর সাহেব সেই তালুকদারদের মধ্যে ঐ টাকা অংশাংশমতে ধরিতে পারেন এই নিমিত্ত, এই আইনে তালুক বলিয়া যেং প্রকারের ভূমি নির্দ্দিষ্ট হইয়াছে, এমত যত ভূমির পাট্টা নিজ তাঁহারই স্থানে পাওয়া গেল, সেইং

as defined in this Act, held directly from him, with a specification of the number of boundary marks of each description which are erected within or on the boundary of each tenure; and

(*f*) warning him that if he fails to give in a list of tenures as aforesaid on or before the said date, he will be deemed to have given up all claim to recover from the tenure-holders any part of the amount for which he may be held liable under section twenty-six.

Collector to make final apportionment.

26. On the date fixed in such notice, the Collector shall proceed to consider all objections which may be made to the provisional apportionment, and to make such final apportionment of the expenses as shall seem to him fit; in making such final apportionment, the costs of serving all notices under section twenty-five shall be distributed rateably among the estates concerned, in proportion to the share of the expenses of erecting boundary marks which may be apportioned to each estate; and the amount so finally apportioned as payable in respect of each estate, together with the costs of serving notices rateably distributed as aforesaid, shall be due to the Collector from the zemindars of such estates.

Collector may postpone final apportionment.

27. Notwithstanding anything contained in the last preceding section, the Collector may postpone the final apportionment if it shall appear to him that a notice under section twenty-five has not been served on the zemindar of any estate which should be made liable for a portion of the expenses, or for any other sufficient reason.

Zemindar failing to appear will be deemed to have waived all objections.

28. Any zemindar failing to appear on the date fixed in the notice served on him under section twenty-five will be deemed to have waived all objections to the payment of the amount apportioned to his estate, and will not be entitled to prefer any objections thereto on any subsequent date; and any zemindar failing to give in a list of tenures (when called upon under section twenty-five to give in such list), on or before such date, will be deemed to have given up all claim to recover from the tenure-holders any part of the amount which may have been apportioned as payable in respect of his estate under section twenty-six.

তালুকের নির্ঘণ্টপত্র ও একং তালুকের মধ্যে কি তাহার সীমানায় একং প্রকারের যতগুলি সীমার চিহ্ন স্থাপন হইয়াছে তাহার কৈফিয়ৎ দিতে পারিবেন, এই কথাও তাঁহাকে জ্ঞাত করা যাইবে। ও

(ছ) তিনি উক্ত তারিখে কি তৎপূর্ব্বে পূর্ব্বোক্ত তালুকের নির্ঘণ্টপত্র না দিলে, ২৬ ধারামতে তাঁহাকে যত টাকার দায়ী বলিয়া প্রকাশ করা গেল তিনি তালুকদারদের স্থানে তাহার কোন অংশ ফিরিয়া পাইবার দাওয়া ত্যাগ করিলেন বলিয়া জ্ঞান হইবে, তাঁহাকে সতর্ক করিয়া এই কথাও জ্ঞাত করা যাইবে ইতি।

কালেক্টর সাহেবের অংশাংশ নির্দ্ধারিত করিবার কথা।

২৬ ধারা। উক্ত মত টাকা অংশাংশ করিয়া আপাততঃ ধরা গেল, কালেক্টর সাহেব ঐ নোটিসের নির্দ্দিষ্ট তারিখে তদ্বিষয়ের সকল আপত্তি বিবেচনা করিতে ও শেষে অংশাংশমতে যত টাকা ধার্য্য করা উচিত বোধ করেন তাহা নির্দ্ধারিত করিতে প্রবর্ত্ত হইবেন। একং মহালের সীমার চিহ্ন স্থাপন করিবার খরচের যে অংশ ধরা যাইবে তাহা নির্দ্ধার্য্য করণ সময়ে, ২৫ ধারামতে নোটিস জারী করিবার খরচও সেই অংশাংশ অনুসারে ঐং মহালের পক্ষে ভাগ করিয়া ধরা যাইবে। এতদ্রূপে অংশাংশমতে একং মহালের দেনা বলিয়া শেষে যত টাকা নির্দ্ধারিত হয় ও পূর্ব্বোক্ত নোটিস জারী করিবার যত টাকা হারহারিমতে ধরা যায়, কালেক্টর সাহেবের নিকট ঐং মহালের জমাদারদের তত টাকা দেনা হইবে ইতি।

অংশাংশ গৌণে নির্দ্ধারিত করিবার কথা।

২৭ ধারা। যে মহাল খরচের একাংশের দায়ী করা উচিত এমত কোন মহালের জমীদারকে ২৫ ধারামতে নোটিস দেওয়া যায় নাই, কালেক্টর সাহেব ইহা জানিতে পাইলে, ইহার পূর্ব্ব ধারায় ভাবান্তরের বিধান থাকিতেও, তিনি সেই কারণে কিম্বা উপযুক্ত অন্য কারণে অংশাংশ নির্দ্ধারিত করিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন ইতি।

জমীদার উপস্থিত না হইলে আপত্তি ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান হইবার কথা।

২৮ ধারা। ২৫ ধারামতে জমীদারকে যে নোটিস দেওয়া যায়, তিনি ঐ নোটিসের নির্দ্ধারিত তারিখে উপস্থিত না হইলে, তাঁহার মহালের পক্ষে ঐ খরচের যে অংশ নিরূপণ হইয়াছে, সেই অংশ দিবার বিষয়ে তিনি সকল আপত্তি ত্যাগ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে, ও তাহার পর কোন দিনে তাঁহার কোন আপত্তি করিবার অধিকার থাকিবে না। ও ২৫ ধারামতে কোন জমীদারের প্রতি তালুকের নির্ঘণ্টপত্র দিবার আদেশ থাকিলেও তিনি সেই তারিখে কি তৎপূর্ব্বে ঐ নির্ঘণ্টপত্র না দিলে, ২৬ ধারামতে তাঁহার মহালের পক্ষে দেনা বলিয়া যত টাকা ধরা গেল তিনি তালুকদারদের স্থানে সেই টাকার কোন অংশ ফিরিয়া পাইবার দাওয়া ত্যাগ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

29. So soon as the expenses shall have been finally apportioned under section twenty-six among the estates concerned as hereinbefore provided, the Collector shall issue a notice in respect of every estate, specifying the amount finally apportioned as payable in respect of the estate, and requiring the zemindar to pay such amount to the Collector, together with the costs of serving such notice, within one month of the issue of the notice. If such amount be not paid to the Collector within such period, the same, with interest, at such rate, not exceeding six per centum per annum, as the Lieutenant-Governor may from time to time determine, may be levied as provided in section fifty-seven.

Collector to issue a notice specifying amount finally apportioned.

২৯ ধারা। পূর্ব্ব বিধানানুসারে যেং মহালের সম্পর্ক থাকে, ২৬ ধারামতে সেইং মহালের খরচ শেষে নির্দ্ধারিত হইলে পর, কালেক্টর সাহেব ঐ প্রত্যেক মহালের উপলক্ষে একং খানি নোটিস প্রচার করিয়া, ঐ মহালের পক্ষে যত খরচ নির্দ্ধারিত হইল তাহা বিশেষ করিয়া লিখিয়া, জমীদারের প্রতি ঐ নোটিস পাইবার পর এক মাসের মধ্যে ঐ নোটিস দিবার খরচ সুদ্ধ সেই টাকা কালেক্টর সাহেবকে দিতে আদেশ করিবেন। সেই সময়ের মধ্যে ঐ টাকা কালেক্টর সাহেবকে না দেওয়া গেলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং বৎসর শতকরা ৬৲ টাকার অনধিক যে সুদ ধরেন ৫৭ ধারার বিধানমতে ঐ সুদসুদ্ধ ঐ টাকা আদায় করা যাইতে পারিবে।

শেষে যত টাকা অংশাংশমতে নির্দ্ধারিত হয় তাহার নোটিস কালেক্টর সাহেবের প্রচার করিতে হইবার কথা।

The notice issued under this section shall assign to the zemindar, or to the zemindar jointly with tenure-holders, the boundary marks which they are legally bound to preserve under the provisions of section nineteen, and in respect of which they will be held liable to pay the costs of re-erection, maintenance, and repair, under the provisions of section twenty.

Notice shall assign boundary marks which zemindars are bound to preserve.

১৯ ধারার বিধানমতে জমীদার কিম্বা তালুকদারদের সঙ্গেং জমীদার আইনমতে সীমার যেং চিহ্ন রাখিতে বদ্ধ হন, ও ২০ ধারামতে যাহার পুনঃ স্থাপনের ও সারাইয়া রাখিবার ও মেরামত করিবার জন্যে তাঁহাদিগকে দায়ি বলিয়া জ্ঞান করা যাইবে এই ধারামতে যে নোটিস দেওয়া যায় সেই নোটিসে ঐ জমীদারের কিম্বা জমীদার সহিত ঐ তালুকদারদের পক্ষে সেইং চিহ্ন নিরূপণ করিয়া দেওয়া যাইবে ইতি।

সীমার যে চিহ্ন জমীদারদের রক্ষা করিতে হইবে নোটিসে তাহা নিরূপণ করিবার কথা।

30. If the zemindar of any estate shall give in a list of tenures, as referred to in section twenty-five, with an application to the Collector to apportion between his estate and the tenures the amount which has been apportioned as payable in respect of his estate as aforesaid, the Collector shall proceed to make a provisional apportionment of the said amount between the zemindar and the tenure-holders, to serve notices on the said tenure-holders in the manner provided in section twenty-five, and to make a final apportionment among the said zemindar and tenure-holders in the manner provided in sections twenty-six and twenty-seven; and the provisions of section twenty-eight shall be applicable to such tenure-holders.

Collector to apportion between zemindar and tenure-holders.

৩০ ধারা। ২৫ ধারায় তালুকাদির যে নির্ঘণ্টপত্রের কথা আছে, কোন মহালের জমীদার তাহা দিয়া পূর্ব্বোক্তমতে তাঁহার মহালের যত টাকা দেনা বলিয়া নির্ণয় হইয়াছে, কালেক্টর সাহেবের নিকট আপন মহালের ও সেইং তালুকের মধ্যে ঐ টাকা অংশাংশমতে নিরূপণ করিয়া দিতে প্রার্থনা করিলে, কালেক্টর সাহেব জমীদারের ও তালুকদারদের মধ্যে আপাতত ঐ খরচ ভাগ করিয়া দিতে প্রবর্ত্ত হইয়া, ২৫ ধারার বিধানমতে উক্ত তালুকদারদের নামে নোটিস দিয়া, ২৬ ও ২৭ ধারার বিধানমতে চূড়ান্তরূপে উক্ত জমীদারের ও তালুদারদের মধ্যে ঐ টাকা অংশাংশমতে নির্দ্ধার্য্য করিবেন। ও সেই তালুকদারদের প্রতি ২৮ ধারার বিধান খাটিবে।

জমীদারদের ও তালুকদারদের মধ্যে কালেক্টর সাহেবের অংশাংশ নিরূপণ করিবার কথা।

Provided that no separate notice shall be served under this section in respect of the provisional or final apportionment of the sum payable in respect of any tenure, if such sum be less than two rupees; but in respect of all such sums it shall be sufficient to publish a list showing the sums apportioned as payable. Such list shall be published by being posted at the office of the Sub-

No separate notice in respect of apportionment of sum less than two rupees.

কিন্তু কোন তালুকের উপলক্ষে অংশাংশ করিয়া দুই টাকার কম দেনা হইলে, তাহা কিয়ৎকালের নিমিত্ত কি চূড়ান্তরূপে নিরূপণ হইলেও, এই ধারামতে তাহার কোন স্বতন্ত্র নোটিস দেওয়া যাইবে না। তদ্রূপ অল্প টাকা হইলে, অংশাংশ করিয়া যত টাকা দেনা হয় তাহার নির্ঘণ্টপত্র প্রকাশ করিলেই চলিতে পারিবে। ঐ নির্ঘণ্টপত্র মহকুমার কর্তৃপক্ষের কাছারী ঘরে ও তালুকের ভূমী যে প্রগণে

দুই টাকার কম ভাগ করিতে হইলে তাহার স্বতন্ত্র নোটিস দিতে না হইবার কথা।

divisional Officer and at a conspicuous place in some village within which lands appertaining to the tenure are situate.

থাকে সেই গ্রামের কোন প্রকাশ স্থানে লটকাইয়া প্রকাশ করা যাইবে ইতি।

Summary apportionment between zemindar and tenure-holders.

31. Notwithstanding any thing in this Part contained, whenever the Collector may consider that he has sufficient information (whether derived from papers compiled for the purposes of the road cess, from enquiries made in the course of proceedings under this Act, or otherwise), to enable him in a summary way to make an apportionment of any expenses recoverable under this Act in respect of any estate, between the zemindars of and the holders of tenures in such estate, the Collector may, as soon as possible after he shall have made a provisional apportionment under section twenty-four of the sum payable in respect of such estate, and without calling on the zemindar to give in any list of tenures as provided in clause (*e*) of section twenty-five, proceed to make a provisional apportionment between the zemindars and the tenure-holders of such estates of the sum which has been provisionally apportioned under section twenty-four as payable in respect of the estate.

জমীদারের ও তালুকদারের মধ্যে স্থূলমতে অংশাংশ নিরূপণ করিবার কথা।

৩১ ধারা। এই অধ্যায়ে ভাবান্তরের কথা থাকিলেও, কোন মহালের উপলক্ষে এই আইনমতে যে খরচ ফিরিয়া পাওয়া যাইতে পারে, পথকরের কার্য্যোপলক্ষে যে কাগজপত্র প্রস্তুত করা যায় কালেক্টর সাহেব তাহা দেখিয়া, কিম্বা এই আইনমতে কার্য্যানুষ্ঠান করিয়া যে অনুসন্ধান লন তদ্দ্বারা, কিম্বা অন্য কোন প্রকারে, মহালের জমীদারের ও তালুকদারদের মধ্যে অংশাংশ করিয়া সেই খরচ স্থূলমতে ধরিবার উপযুক্ত সন্ধান পাইলেন তাঁহার এমত বিবেচনা থাকিলে, ঐ মহালের উপলক্ষে যত টাকা দেনা হয় তিনি ২৪ ধারামতে আপাততঃ তাহার অংশাংশ নিরূপণ করিলে পর সাধ্যমতে ত্বরায়, ও ২৫ ধারার (চ) প্রকরণের বিধানমতে জমীদারকে তালুকের নির্ঘণ্টপত্র দিতে আজ্ঞা না করিয়া, ২৪ ধারামতে মহালের উপলক্ষে দেনা বলিয়া যত টাকা আপাততঃ অংশাংশ করিয়া নিরূপণ করা গেল, স্থূলমতে জমীদারদের ও তালুকদারদের তত টাকা করিয়া নিরূপণ করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

Notice to be served on zemindar when provisional apportionment has been made summarily.

32. Whenever any provisional apportionment of the sum payable between the zemindars and the tenure-holders may have been made summarily, as provided in the last preceding section, the notice to be served on the zemindar under section twenty-five, shall inform the zemindar, in addition to the particulars specified in clauses (*a*), (*b*), (*c*) and (*d*) of the said section, and instead of those specified in clauses (*e*) and (*f*),

অংশাংশ করিয়া আপাততঃ যাহা নিরূপণ করা যায় তাহা স্থূলমতে করা গেলে জমীদারকে নোটিস দিবার কথা।

৩২ ধারা। জমীদারদের ও তালুকদারদের মধ্যে আপাততঃ ভাগ করিয়া যাহার যত টাকা দিতে হইবে ইহা, ইহার পূর্ব্বধারানুসারে স্থূলমতে নিরূপণ করা গেলে, ২৫ ধারামতে জমীদারকে যে নোটিস দেওয়া যায় তন্মধ্যে ঐ ধারার (ক) (খ) (গ) (ঘ) প্রকরণের নির্দ্দিষ্ট কথার অতিরিক্ত এবং (চ) ও (ছ) প্রকরণের নির্দ্দিষ্ট কথার পরিবর্ত্তে জমীদারকে এই২ কথা জানাইতে হইবে,—

that under this Act he is entitled to recover a portion of the amount which shall be finally apportioned as payable in respect of his estate under section twenty-six, from the tenure-holders on his estate; and

২৬ ধারামতে তাঁহার মহালের উপলক্ষে শেষে যত টাকা দেনা বলিয়া নির্দ্ধারিত হইবে এই আইনমতে আপন মহালের তালুকদারদের স্থানে তাঁহার সেই টাকার একাংশ ফিরিয়া পাইবার অধিকার আছে।

that the Collector has made a provisional apportionment of the said sum between the zemindar and tenure-holders, according to a list which shall be annexed to the said notice;

এবং ঐ নোটিসের সঙ্গে নির্ঘণ্টপত্রখানিও দেওয়া যাইবে ও কালেক্টর সাহেব সেই নির্ঘণ্টপত্র অনুসারে জমীদারের ও তলুকদারদের মধ্যে আপাততঃ ঐ টাকা ভাগ করিয়া ধরিলেন, এই কথাও জানাইবেন।

and shall warn him

এবং সতর্ক করিয়া তাঁহাকে এই২ কথা জ্ঞাত করা যাইবে,—

that if he fails to prefer any objection to such provisional apportionment on or before the date specified, he will be deemed to have given up all right to prefer any such objection at any future time; and

উক্ত প্রকারে আপাততঃ অংশাংশ করিয়া যত টাকা ধরা গেল তদ্বিষয়ে নির্দ্ধারিত তারিখে কি তৎপূর্ব্বে কোন আপত্তি উপস্থিত না করিলে, তিনি ভাবিকালে তদ্রূপ কোন আপত্তি উপস্থিত করিবার অধিকার ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান হইবে।

that the Collector will proceed to make such apportionment final, or to make any modifications in it which he may think fit; provided that the sum finally made payable by the zemindar shall not exceed the sum apportioned upon him in the said provisional apportionment between the zemindars and the tenure-holders.

ও অংশাংশ করিয়া যত টাকা ধরা গেল, কালেক্টর সাহেব তাহা চূড়ান্তরূপে স্থির করিতে অথবা যদ্রূপে মতান্তর করা বিহিত বোধ করেন তদ্রূপে মতান্তর করিতে প্রবর্ত্ত হইবেন। কিন্তু জমীদারদের ও তালুকদারদের মধ্যে ভাগ করিয়া আপাততঃ যাঁহার যত টাকা ধরা গিয়াছে, শেষে জমীদারের পক্ষে তাহার অধিক নিরূপণ হইতে পারিবে না ইতি।

33. As soon as a provisional apportionment between the zemindar and the tenure-holders shall have been made summarily as provided in section thirty-one, the Collector shall proceed to serve notices on the tenure-holders concerned in the manner provided in section thirty, and to do all other things as if the said provisional apportionment upon tenure-holders had been made on a list given in by the zemindar under section thirty.

Procedure on provisional apportionment.

৩৩ ধারা। জমীদারের ও তালুকদারদের মধ্যে যাঁহার যত দিতে হইবে ৩১ ধারার বিধানানুসারে ইহা আপাততঃ নিরূপণ করা গেলে পর, সেই বিষয়ে যে তালুকদারদের সম্পর্ক থাকে কালেক্টর সাহেব তাঁহাদের নামে ৩০ ধারার বিধানমতে নোটিস জারী করিবেন, এবং জমীদার ৩০ ধারামতে নির্ঘণ্টপত্র লিখিয়া দেওয়াতে তালুকদারদের পক্ষে অংশাংশমতে ঐ টাকা আপাততঃ নিরূপণ করা গেলে যেং কার্য্য করিতেন সেইং কার্য্য করিবেন ইতি।

অংশাংশ করিয়া স্থূলমতে ধরা গেলে পর কার্য্যপ্রণালীর কথা।

34. In apportioning the amount among the zemindar and the tenure-holders, the Collector shall first deduct such sum as he shall consider to be fairly payable by the zemindar in respect of lands not included in any tenure, and in respect of his interest in lands which are included in tenures; and in apportioning the remainder among the tenures, he shall take into consideration the number of pillars erected within or on the boundary of each tenure, the extent of each tenure, and the distance at which it is situated from the boundary marks; but no tenure shall be made liable for any portion of the sum so apportioned, unless some part of it be situated within fifteen hundred feet from some boundary mark.

Mode of apportionment among tenures.

৩৪ ধারা। জমীদারের ও তালুকদারদের মধ্যে ঐ খরচ ভাগং করিয়া নির্ণয় করিতে গেলে, কোন তালুকের মধ্যে যে ভূমী ধরা যায় নাই তৎসম্পর্কে, ও তালুকের মধ্যে যে ভূমী ধরা গিয়াছে সেই ভূমীতে জমীদারের স্বার্থসম্পর্কে তাঁহার ন্যায্যমতে যত টাকা দেনা হইতে পারে, কালেক্টর সাহেব প্রথমে তাহা বাদ দিবেন। অবশিষ্ট খরচ নানা তালুকের মধ্যে ভাগ করিতে গেলে, প্রত্যেক তালুকের মধ্যে কি তাহার সীমানায় কত থাম গাঁথা গিয়াছে তাহা, ও ঐ প্রত্যেক তালুকের আয়তন, ও সীমার চিহ্নহইতে ঐ তালুক কত দূর, এই সকল বিষয় তাঁহার বিবেচনা করিতে হইবে। কিন্তু সীমার কোন চিহ্নহইতে তালুকের কোন অংশ দেড় সহস্র ফুটের মধ্যে না থাকিলে, ঐ তালুক অংশাংশমতে নিরূপণ করা ঐ খরচের কোন অংশের দায়ী হইবে না ইতি।

নানা তালুকের মধ্যে খরচ ভাগং করিয়া ধরিবার কথা।

35. So soon as the final apportionment among tenure-holders under section thirty shall be completed, the Collector shall cause to be issued notices to each of the said tenure-holders, stating the amount payable in respect of each of their tenures, with interest (if any) calculated at the annual rate of six per centum from the date on which the zemindar paid to the Collector the sum which was apportioned on his estate under section twenty-six, and the cost of serving upon the tenure-holder the notice under this section, and calling upon him to pay the total amount so due to the zemindar of the estate of which the tenure is a part, within one month of the date of the notice.

Notice of apportionment in respect of tenures.

৩৫ ধারা। নানা তালুকদারদের মধ্যে ৩০ ধারামতে খরচের অংশাংশ নির্দ্ধার্য্য করা সমাপ্ত হইলে, কালেক্টর সাহেব ঐং তালুকদারদের নামে নোটিস জারী করাইয়া, প্রত্যেক জনের তালুকের পক্ষে যত টাকা দেনা হয় তাহা, ও তাহার উপর সুদও ধরা গেলে ২৬ ধারামতে জমীদার আপন মহালের উপর অবধারিত টাকা যে তারিখে কালেক্টর সাহেবকে দিলেন সেই তারিখ-অবধি বৎসর শত করা ৬ টাকার হিসাবে ঐ সুদ, এবং এই ধারামতে তালুকদারের নামে নোটিস জারী করিবার খরচ ও তালুক যে মহালের একংাশ হয়, নোটিসের তারিখ অবধি এক মাসের মধ্যে সেই মহালের জমীদারকে তালুকদারের সুদসুদ্ধ ঐ টাকা দিতে হইবে, নোটিসে এই কথা লেখা থাকিবে।

নানা তালুকের মধ্যে খরচের অংশাংশ ধরিবার নোটিস দিবার কথা।

No separate notice to be served on tenure-holder who is required to pay less than two rupees.

Provided that no separate notice shall be served under this section on any tenure-holder who is required to pay a sum of less than two rupees as his share of the expenses apportioned under this Act; but in respect of such sums it shall be sufficient to publish a list in the manner prescribed by section thirty; and no costs incurred in respect of the publication of any such list shall be recoverable from any person mentioned therein as liable to pay less than two rupees.

তালুকদারের দুই টাকার কম দিতে হইলে তাঁহার নামে স্বতন্ত্র নোটিস দিতে না হইবার কথা।

কিন্তু এই আইনমতে খরচ ভাগ করিয়া যত টাকা ধরা যায় তন্মধ্যে কোন তালুকদারের অংশ বলিয়া ২৲ টাকার কম দিতে হইলে, এই ধারামতে তাঁহার নামে স্বতন্ত্র নোটিস দেওয়া যাইবে না। তদ্রূপ অল্প২ টাকার উপলক্ষে ৩০ ধারার নির্দ্দিষ্টমতে নির্ঘণ্টপত্র প্রকাশ করা গেলেই চলিতে পারিবে। ও সেই নির্ঘণ্টপত্রে দুই টাকার কম দিবার যোগ্য বলিয়া যে ব্যক্তির নাম থাকে ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ করিবার খরচের কোন অংশ তাঁহার স্থানে লওয়া যাইবে না ইতি।

Collector not to issue notices to tenure-holders until zemindars have deposited costs.

36. Notwithstanding anything contained in section thirty-five, the Collector shall not issue the notices therein mentioned to the tenure-holders until the zemindars concerned shall have deposited with the Collector the full amount of the costs of serving all the notices, and of publishing the lists as required by that section.

জমীদারেরা যত দিন খরচা আমানত না করেন, তত দিন তালুকদারদের নামে কালেক্টর সাহেবের নোটিস জারী না করিবার কথা।

৩৬ ধারা। ৩৫ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও, সকল নোটিস জারী করিবার এবং ঐ ধারায় যে নির্ঘণ্টপত্রের কথা আছে তাহা প্রকাশ করিবার যত টাকা খরচ লাগে, ঐ বিষয়ে যে জমীদারদের সম্পর্ক থাকে তাঁহারা কালেক্টর সাহেবের নিকট সেই টাকা গচ্ছিত না করিলে, কালেক্টর সাহেব তালুকদারদের নামে ঐ ধারার উল্লিখিত নোটিস জারী করিবেন না ইতি।

Apportionment between tenure-holder and holder of subordinate tenure.

37. The provisions of sections twenty-five, twenty-six, twenty-seven, twenty-eight, twenty-nine, thirty, thirty-four and thirty-five shall be applicable, as far as possible, to every case in which any tenure-holder, who has been made liable for the payment of any share of expenses under this Act, may apply to the Collector to apportion the amount for which he has been made liable, between himself and the holders of subordinate tenures direct from himself;

and the provisions of sections thirty-one, thirty-two and thirty-three, regarding the procedure for making a provisional apportionment in a summary way between a zemindar and the tenure-holders on his estate, shall be applicable, as far as possible, to the provisional apportionment of expenses between the holder of a tenure and the holders of under-tenures within his tenure;

provided always that no such apportionment shall be made in respect of ryots who have a right of occupancy only, and whose rent is not fixed in perpetuity.

তালুকদার ও পেটাও তালুকদারের মধ্যে খরচের অংশাংশ নিরূপণের কথা।

৩৭ ধারা। এই আইনমতে যত টাকা খরচ হয়, কোন তালুকদারকে সেই খরচের একাংশের দায়ী করা গেলে, নিজ তাঁহার স্থানে যাঁহারা পেটাও তালুক ভোগ করেন কালেক্টর সাহেব তাঁহাদের ও তাঁহার মধ্যে খরচের সেই অংশ ভাগ২ করিয়া নিরূপণ করেন, তালুকদার এই মর্ম্মের দরখাস্ত করিলে, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩৪ ও ৩৫ ধারার বিধান যত দূর খাটিতে পারে খাটিবে।

এবং জমীদারের ও তাঁহার মহালের তালুকদারদের মধ্যে স্থূল মতে খরচ অংশাংশ করিয়া আপাততঃ নিরূপণ করিবার কার্য্যপ্রণালী বিষয়ে ৩১ ও ৩২ ও ৩৩ ধারার যে বিধান আছে, তালুকদারদের ও তাঁহাদের তালুকের অন্তর্গত পেটাও তালুকদারদের মধ্যে অংশাংশ করিয়া আপাততঃ খরচ নিরূপণ করিতে হইলে যত দূর হইতে পারে ঐ২ ধারার বিধান তত দূর খাটিবে।

কিন্তু কোন প্রজার কেবল দখলিস্বত্ব থাকিলে, ও তাহার খাজানা মোকররীরূপে ধার্য্য না হইলে, তাহার পক্ষে ঐ খরচের কোন অংশ ধরিতে হইবে না ইতি।

Recovery of sums payable to zemindar or tenure-holder.

38. Every zemindar or tenure-holder, to whom any sum is payable under the preceding sections, may recover the same with interest as aforesaid in the manner provided by any law for the time being in force for the recovery of arrears of rent in respect of the tenure for which the sum is due.

জমীদারের কি তালুকদারের পাওনা টাকা আদায়ের কথা।

৩৮ ধারা। পূর্ব্বোক্ত নানা ধারামতে যে জমীদারের কি তালুকদারের নিকট যত টাকা দেনা হয়, যে তালুকের জন্যে ঐ টাকা পাওনা থাকে তাহার বাকী খাজানা আদায় করিবার জন্যে যৎকালে যে আইন প্রবল থাকে, তিনি সেই আইন অনুসারে পূর্ব্বোক্ত সুদসমেত ঐ টাকা আদায় করিতে পারিবেন ইতি।

39. The provisions of this Part shall apply to all sums expended by the Government since the first day of November one thousand eight hundred and seventy-four in erecting boundary marks.

Recovery of sums expended by Government since 1st November 1874

PART V.

BOUNDARY DISPUTES.

40. If it shall come to the notice of the Collector, in the course of a survey under this Act, that a dispute exists as to any boundary which should be surveyed, the Collector, after holding such enquiry as he may deem necessary, may determine such boundary as hereinafter provided

Procedure in case of dispute as to any boundary

41. The Collector shall determine the boundary according to actual possession, and cause it to be secured by boundary marks, and the order of the Collector under this section shall, until it be reversed or modified by competent authority, have the force of an order of any Civil Court declaring the parties to be in possession of the land in accordance with the boundary as determined by the Collector

Powers of Collector when boundary not determined by Court or laid down by Revenue Survey

42. If after holding the necessary enquiry the Collector is unable to discover which party was in possession of the disputed land when he instituted the enquiry under this section, the Collector may take possession of the land in dispute, and retain possession thereof until some party shall have established his right to the said land.

Power of Collector to take possession of land in dispute

43. Whenever the Collector thinks it necessary to decide a dispute as to any boundary under the last preceding section, he may, with the consent of the parties concerned, refer the same to arbitration.

Power to refer to arbitration.

The procedure laid down in Chapter VI of Act VIII of 1859 (*the Code of Civil Procedure*) shall, so far as may be practicable, be applicable to disputes so referred to arbitration.

44. If the boundary regarding which the dispute exists as mentioned in section forty shall at any previous time have been determined by any Court of competent jurisdiction, or shall have been laid

Powers of a Collector when boundary determined by Court or by Revenue Survey

৩৯ ধারা। গবর্ণমেণ্ট সীমার চিহ্ন স্থাপন করণে ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি যত টাকা খরচ করিয়াছেন, তদ্বিষয়ে এই অধ্যায়ের বিধান খাটিবে ইতি।

১৮৭৪ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি গবর্ণমেণ্ট যে টাকা খরচ করিলেন তাহা আদায় করিবার কথা।

পঞ্চম অধ্যায়।

সীমাবিবাদবিষয়ক বিধি।

৪০ ধারা। কোন ভূমিখণ্ড জরীপ করিতে হইলে, এই আইনমতে ঐ ভূমি জরীপ করিবার সময়ে সীমার বিষয়ে বিবাদ চলিতেছে কালেক্টর সাহেব ইহা জানিতে পাইলে, তাঁহার যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইয়া পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ সীমা নির্ণয় করিতে পারিবেন ইতি।

কোন সীমার বিষয়ে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪১ ধারা। কালেক্টর সাহেব ঐ জমীর অধিকারানুসারে সীমা নির্ণয় করিয়া সীমার চিহ্ন দিয়া তাহা অবধারণ করিবেন। আর সেই ভূমি যে ব্যক্তিদের দখলে আছে, তাঁহারা কালেক্টর সাহেবের নির্ণীত সেই সীমা অনুসারে তাহা দখল করিতেছেন, কোন দেওয়ানী আদালতের এই মর্ম্মের আজ্ঞা হইলে তাহা যদ্রূপে প্রবল হইত, কালেক্টর সাহেব এই ধারামতে যে আজ্ঞা করেন তাহা যত দিন উপযুক্ত ক্ষমতাপন্ন কর্তৃপক্ষের দ্বারা অসিদ্ধ কি মতান্তর না করা যায়, তত দিন তদ্রূপেই প্রবল থাকিবে ইতি।

আদালতকর্তৃক সীমা নির্ণীত না হইলে কিম্বা রেবিনিউ সরবেকর্তৃক ধার্য্য না হইলে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

৪২ ধারা। কালেক্টর সাহেব যে সময়ে এই ধারামতে অনুসন্ধান লন, সেই সময়ে বিবাদীয় সম্পত্তি কাহার অধিকারে ছিল, কালেক্টর সাহেব প্রয়োজনমতে অনুসন্ধান লওয়ার পর ইহা জানিতে না পারিলে, তিনি ঐ বিবাদিয় ভূমী অধিকার করিয়া, কোন ব্যক্তি যত কাল আপন স্বত্ব স্থাপন না করেন তত কাল তাহা স্বীয় অধিকারে রাখিতে পারিবেন ইতি।

বিবাদিয় ভূমীর অধিকার করিতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

৪৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে কালেক্টর সাহেবের কোন সীমার বিবাদ নিষ্পত্তি করা প্রয়োজন বোধ হইলে, ঐ বিষয়ে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তিনি তাঁহাদের সম্মতিমতে ঐ বিষয় সালিসীতে অর্পণ করিতে পারিবেন।

সালিসীতে অর্পণ করিবার ক্ষমতার কথা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান বিষয়ক ১৮৫৯ সালের ৮ আইনের ষষ্ঠ অধ্যায়ে যে প্রণালীর বিধান আছে, তাহা যত দূর খাটিতে পারে সালিসীতে অর্পিত সেই বিবাদের পক্ষে তত দূর খাটিবে ইতি।

৪৪ ধারা। ৪০ ধারায় যে বিবাদের কথা আছে, যে সীমার বিষয়ে সেই বিবাদ হয় পূর্ব্বে কোন সময়ে যদি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতের দ্বারা সেই সীমা নির্ণয় হইয়া থাকে

আদালতের কি রেবিনিউ সরবের দ্বারা সীমা নির্ণয় হইলে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

down and shown on a map in the course of any previous Revenue Survey or Settlement, and no objection to the boundary as then laid down and mapped shall have been preferred before any authority competent to decide on such objection ;

whenever the dispute relates to the boundary of an estate which is liable for revenue, or to any other boundary by which the interests of the Government may be affected, the Collector shall,

and whenever the dispute relates to any other boundary, the Collector may, if he thinks fit,

relay, as nearly as may be possible, the boundary as previously determined or laid down and shown on the map, and cause such boundary to be shown on the survey map, with an explanatory note to the same ;

provided that the relaying and record of a boundary by the Collector under this section shall not affect the possession of any land by any party ; and shall be in addition to the determination and record of the boundary according to actual possession required by section forty-one

Collector may deviate from boundary if parties agree.

Nothing contained in this section shall be held to prohibit the Collector from deviating from a boundary as held by actual possession or as shown on a former map, and laying down a new boundary, if all the parties concerned agree to such new boundary, on the ground that the boundary held by actual possession, or as shown on the former map, was incorrect, and if it appears to the Collector that there is no objection to the adoption of such new boundary.

The reason for every such deviation shall be recorded in the Collector's proceedings.

Power of Collector at any time when doubt or dispute exists as to any boundary.

45. If it shall come to the notice of the Collector at any time, or in any manner, that a doubt or dispute exists in respect to any boundary

(a) which has at any time been determined by a competent Court ; or

(b) which has been laid down and shown on a map, in the course of a previous Revenue Survey or Settlement, or other proceeding of a revenue officer for any special purpose, and against which no objection has been preferred to any authority competent to decide upon such objection ; or

(c) which has been laid down by a Survey under this Act,

কিম্বা পুর্ব্বে রাজস্বসংক্রান্ত কোন জরীপী কি বন্দো-বস্তী কার্য্য চলন সময়ে যদি সেই সীমা ম্যাপে নির্ণীত হইয়া লেখা গিয়া থাকে, এবং তদ্রূপে নির্ণীত ও ম্যাপে লেখা সীমা বিষয়ক আপত্তি যে কর্ত্তৃপক্ষ নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন এমত কোন কর্ত্তৃপক্ষের সম্মুখে যদি কোন আপত্তি করা না গিয়া থাকে,

তবে যে মহাল মালগুজারীর দায়ী হয় সেই মহা-লের সীমার বিষয়ে ঐ বিবাদ হইয়া থাকিলে, কিম্বা যাহাতে গবর্ণমেণ্টের স্বার্থের লাভ কি হানি হয় এমত অন্য সীমার বিষয়ে বিবাদ হইয়া থাকিলে, কালেক্টর সাহেব, পূর্ব্ব নির্ণীতমতে কিম্বা নির্ণীত হইয়া ম্যাপে লিখনমতে সাধ্যানুসারে সেই সীমা পুনশ্চ ধরিয়া সর-বের ম্যাপে সেই সীমার চিহ্ন দিয় তাহা অবধারণ করিবেন, ও তাহার ভাব প্রকাশ করণার্থে নোট দিবেন,

অন্য কোন সীমার বিষয়ে ঐ বিবাদ হইলে কালেক্টর সাহেব বিহিত বোধ করিলে, পূর্ব্বোক্তমতে যত দূর কার্য্য করিতে পারেন করিবেন ।

কিন্তু কালেক্টর সাহেব এই ধারামতে সীমা নির্ণয় ও লিপিবদ্ধ করিলেও কোন ব্যক্তির কোন ভূমি দখলের হানি হইবে না, এবং ৪১ ধারামতে অধিকারানুসারে যে সীমা নির্ণয় ও লিপিবদ্ধ হয়, এই কার্য্য তদতিরিক্ত হইবে ।

উভয় পক্ষের সম্মতি হইলে কালেক্টর সাহেবের সেই সীমার অতিক্রম করিবার ক্ষমতার কথা ।

যে সীমা কাহারও অধিকারগত থাকে কিম্বা পূর্ব্ব নকশায় যাহা লেখা গেল সেই বিষয়ের সম্পর্কযুক্ত সকল ব্যক্তি তাহা অশুদ্ধ বলাতে নূতন করিয়া সীমা ধরিতে হইলে, এবং কা-লেক্টর সাহেব সেই নূতন সীমা ধার্য্য করণের কোন আপত্তি দেখিতে না পাইলে, তাঁহার প্রতি অধি-কারানুযায়ি ঐ সীমা কিম্বা পূর্ব্বে ম্যাপের লেখা সীমা ব্যতিক্রম করিয়া নূতন সীমা ধার্য্য করিতে যে নিষেধ হইল, এই ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবে না ।

তদ্রূপে সীমার ব্যতিক্রম করা গেলে, কালেক্টর সাহেবের রুবকারীতে তাহার কারণ লিখিতে হইবে ইতি ।

কোন সময়ে কোন সীমার বিষয়ে সন্দেহ কি বিবাদ থাকিলে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা ।

৪৫ ধারা । (ক) কোন সময়ে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত কর্ত্তৃক যে সীমা নির্ণয় করা গিয়াছে, কিম্বা

(খ) পূর্ব্বে রাজস্বসংক্রান্ত কোন জরীপী কি বন্দোবস্তী কার্য্য করণ সময়ে কিম্বা কোন বিশেষ কার্য্যের নিমিত্তে রাজস্বসংক্রান্ত কার্য্য-কারকের অন্য কার্য্যানুষ্ঠান করণ সময়ে, যে সীমা ধার্য্য হইয়া ম্যাপে লেখা গিয়াছে, তদ্বিষয়ের আপত্তি থাকিলে যে কর্ত্তৃপক্ষ তাহা নিষ্পত্তি করিতে সক্ষম হন তাঁহার নিকট আপত্তি উপস্থিত না করা গেলে, কিম্বা

(গ) এই আইনমতে জরীপ হইয়া যে সীমা ধার্য্য হইল,

the Collector may, if he thinks it desirable for any reason that the boundary so determined or laid down shall be relaid, proceed to relay the boundary in the manner prescribed in section forty-four of this Act,

and for the purpose of so relaying the boundary he may make any enquiries and surveys which may be necessary, and such enquiries and surveys shall be deemed to be proceedings under section six, and the Collector shall exercise in respect thereof all powers which he may exercise in respect of enquiries and surveys under that section.

সেই সীমা বিষয়ে কোন সন্দেহ কি বিবাদ হইতেছে কালেক্টর সাহেব কোন সময়ে কোন প্রকারে ইহা জানিতে পাইলে,

তিনি তদ্রূপে নির্দিষ্ট কি লেখা সীমা কোন কারণে পুনশ্চ নির্দ্ধার্য্য করা বিহিত বোধ করিলে, এই আইনের ৪৪ ধারার নির্দ্দিষ্ট বিধানমতে ঐ সীমা পুনশ্চ ধার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন।

এবং ঐ সীমা পুনশ্চ ধার্য্য করিবার জন্যে যে কোন অনুসন্ধান লওয়া ও যেরূপে জরীপ করা আবশ্যক হয় তাহা করিতে পারিবেন। ও সেই অনুসন্ধান লওয়া ও সেই জরীপী কার্য্য ৬ ধারামত আনুষ্ঠানিক কার্য্য বলিয়া জ্ঞান হইবে। এবং ঐ ধারামতে অনুসন্ধান লইতে ও জরীপ করিতে গেলে কালেক্টর সাহেব যেং ক্ষমতামতে কার্য্য করিতে পারেন, এই কার্য্যও সেইং ক্ষমতামতে করিতে পারিবেন ইতি।

46 Whenever the Collector shall have determined a boundary which was in dispute, and the order shall have become final,

In certain cases Collector may cause marks to be erected.

and whenever a boundary which has been supplied by the survey officers, or has been determined under this Act, has been altered by a decree of any Civil Court, which has become final,

and whenever it shall come to the notice of the Collector that any boundary has been determined by a competent Court or authority,

the Collector may cause such marks as he may think fit to be erected in order to secure the boundary permanently, and the provisions of Parts III and IV shall, so far as is possible, be applicable to boundary marks which are erected under this section, and to the apportionment of the cost thereof.

৪৬ ধারা। যে সীমার বিষয়ে বিবাদ হয় কালেক্টর সাহেব তাহা নির্ণয় করিলে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইলে,

স্থলবিশেষে চিহ্ন স্থাপন করাইতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

এবং সরবের কার্য্যকারকদের দ্বারা যে সীমা নিরূপণ করা গেল, কিম্বা এই আইনমতে যে সীমা নির্ণয় হইল দেওয়ানী আদালতের কোন ডিক্রীক্রমে তাহা পরিবর্ত্তন করা গেলে, ও সেই ডিক্রী চূড়ান্ত হইলে,

এবং উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতের কি কর্ত্তৃপক্ষের দ্বারা কোন সীমা নির্ণয় করা গিয়াছে, কালেক্টর সাহেব এই কথা জানিতে পাইলে,

সেই সীমা চিরকালের নিমিত্তে নির্দ্ধার্য্য করণার্থে তাঁহার বিবেচনায় যে চিহ্ন স্থাপন করা বিহিত, তিনি সেই চিহ্ন দেওয়াইতে পারিবেন। এই ধারামতে সীমার যে চিহ্ন স্থাপন করা যায় তাহার প্রতি, ও তৎসম্পর্কীয় খরচের অংশাংশ নিরূপণের প্রতি তৃতীয় ও চতুর্থ অধ্যায়ের বিধান যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

PART VI.

MISCELLANEOUS.

ষষ্ঠ অধ্যায়।

বিবিধ বিধি।

47. Whenever any estate or tenure is held jointly by two or more zemindars or tenure-holders, all such zemindars and tenure-holders shall be jointly and severally liable in respect of every liability imposed on zemindars or tenure-holders respectively by this Act;

Joint zemindars to be subject to every liability imposed on single zemindars

And any shareholder in any estate or tenure who may have paid the amount finally apportioned to such estate or tenure, may recover from his co-sharers such sums as may be payable in respect of their shares as arrears of rent, or may take credit for such sums in any adjustment of accounts between himself and his co-sharers.

৪৭ ধারা। দুই কি তদধিক জন জমীদার কি তালুকদার একত্র কোন মহাল কি তালুক ভোগ করিলে, এই আইন দ্বারা জমীদারের কি তালুকদারের প্রতি যেবং দায় বর্ত্তান গেল সেই দায় সম্পর্কে উক্ত সকল জমীদার ও তালুকদার একত্র ও স্বতন্ত্র দায়ী হইবেন,

একক কোন জমীদারের প্রতি যে দায় বর্ত্তে এজমালী জমীদারের প্রতিও তাহাই বর্ত্তিবার কথা।

ও শেষে কোন মহালের কি তালুকের পক্ষে অংশাংশমতে যত খরচ অবধারিত হয়, যদি মহালের কি তালুকের কোন অংশী তাহা দিয়া থাকেন, তবে সহ-অংশীদের নানা অংশমতে যত টাকা দেনা হয়, তিনি তাঁহাদের স্থানে বাকী রাজস্বের ন্যায় তাহা আদায় করিতে পারিবেন, কিম্বা আপনার ও সহ-অংশিদের মধ্যে কোন হিসাব নিষ্পত্তি করণ সময়ে তিনি ঐ টাকা জমা করিয়া লইতে পারিবেন ইতি।

Service of notice.

48. Every notice in and by this Act required to by served on any person may be served—

(1) by delivering the same to the person to whom it is directed, or on failure of such service, by posting the same on some conspicuous part of the house in which the said person resides, or by delivering the said notice to a general agent of the person to whom such notice is directed; or

(2) by sending a registered letter containing such notice directed to the said person at his usual place of abode, or to the place where he may be known to reside; or

(3) by posting a copy of the notice at any mâl cutcherry of the estate or tenure of the person to whom the notice is directed; or if no such mâl cutcherry be found, on some conspicuous place of the said estate or tenure to which such notice relates, and by delivering, in the case of estates paying their annual revenue by four instalments, another copy thereof to any agent who shall have paid an instalment of revenue next after the preparation of such notice. In all cases where two or more persons are holders of an estate or tenure, service of notice under this clause shall be deemed to be good and sufficient service on each and all of such persons.

নোটিস জারী করিবার কথা।

৪৮ ধারা। এই আইনমতে কোন ব্যক্তিকে যে সকল নোটিস দিবার আজ্ঞা থাকে, তাহা এইং প্রকারে জারী হইতে পারিবে,—

(১) যে ব্যক্তির নামে দেওয়া যায় তাঁহাকেই দিয়া, কিম্বা সেই প্রকারে জারী হইতে না পারিলে ঐ ব্যক্তি যে ঘরে বাস করেন তাহার কোন প্রকাশ স্থানে লাগাইয়া, কিম্বা যাঁহার নামে নোটিস দেওয়া যায় তাঁহার আম মোক্তারকে দিয়া, কিম্বা

(২) সেই নোটিস খামে দিয়া শিরোনামায় তাঁহার নিয়ত বাসস্থানের, কিম্বা তিনি যে স্থানে বাস করেন বলিয়া জানা যায়, সেই বাসস্থানের ঠিকানা লিখিয়া রেজিষ্টরী করিয়া পাঠাইয়া, কিম্বা

(৩) যে ব্যক্তির নামে নোটিস দেওয়া যায় তাঁহার মহালের কি তালুকের, কোন মালকাছারী-ঘরে নোটিসের এক কেতা নকল লাগাইয়া দিয়া, ও তদ্রূপ মালকাছারী পাওয়া না গেলে, উক্ত যে মহাল কি তালুক সম্পর্কীয় ঐ নোটিস দেওয়া যায় তাহার কোন প্রকাশ স্থানে ঐ নোটিসের এক কেতা নকল লাগাইয়া, ও মহালের বার্ষিক জমা চারি কিস্তিতে দেওয়া গিয়া থাকিলে, ঐ নোটিস প্রস্তুত হইবার পর যে মোক্তার ঐ জমার কিস্তি দিয়া থাকেন তাঁহাকে ঐ নোটিসের অন্য এক কেতা নকল দিয়া, ঐ নোটিস জারী হইতে পারিবে। দুই কি তদধিক ব্যক্তি ঐ মহালের কি তালুকের ভোগি হইলে, এই প্রকরণমতে নোটিস জারী করা গেলেই উক্ত প্রত্যেক ও সকল ব্যক্তির উপর উত্তম ও উপযুক্তরূপে জারী হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

No proceedings under this Act to be affected by any mistake or misdescription.

49. No proceedings under this Act shall be affected by reason of any mistake in the name of any person thereby rendered liable to pay any sum of money, or in the description of any estate or tenure or land in respect of which he is rendered liable to pay, or by reason of any other informality, provided the directions of this Act be in substance and effect complied with; and no proceedings under this Act shall be affected by reason of the omission to serve any notice on any zemindar whose name is not recorded on the Collector's registers as owner of the estate in respect of which the notice is required to be served.

ভুল কি অশুদ্ধবর্ণনা হেতুক এই আইনমত কার্য্যপ্রণালীর হানি না হইবার কথা।

৪৯ ধারা। এই আইনমতে আনুষ্ঠানিক কোন কার্য্য দ্বারা কোন ব্যক্তি টাকার দায়ী হইলে, তাঁহার নাম লিখিবার, কিম্বা যে মহাল কি তালুক কি ভূমি সম্পর্কে তিনি টাকার দায়ী হন তাহার বর্ণনা লিখিবার কোন ভ্রম থাকিলেও, কিম্বা দাঁড়ার কোন ব্যতিক্রম হইলেও, যদি আইনের বিধানের মর্ম্ম ও তাৎপর্য্যানুসারে কার্য্য হইয়া থাকে, তবে ঐ আনুষ্ঠানিক কার্য্যের ব্যাঘাত হইবে না। ও যে মহালের বিষয়ে নোটিস জারী করিবার প্রয়োজন থাকে, কালেক্টর সাহেবের রেজিষ্টরী বহীতে সেই মহালের স্বামী বলিয়া যে জমীদারের নাম লেখা না থাকে, তাঁহাকে নোটিস দিবার ত্রুটি হইলেও এই আইনমতে আনুষ্ঠানিক কার্য্যের ব্যাঘাত হইবে না ইতি।

50. For the purpose of any enquiry under this Act, the Collector shall, in addition to every power conferred specially by this Act, have power to summon and enforce the attendance of witnesses and compel the production of documents by the same means (as far as may be), and in the same manner, as is provided in the case of a Court under the Code of Civil Procedure.

Power of Collector to enforce attendance of witnesses.

৫০ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে কোন আদালতে যে উপায় দ্বারা ও যে প্রকারে সাক্ষিদিগকে ও দলীল উপস্থিত করাণ যাইতে পারে, এই আইনমতে কোন অনুসন্ধান লওয়ার জন্যে কালেক্টর সাহেবের প্রতি এই আইনমতে বিশেষ-রূপে যে২ ক্ষমতা প্রদান করা গেল, তদতিরিক্ত যত দূর হইতে পারে তত দূর তিনি সেই উপায় দ্বারা ও সেই প্রকারে সাক্ষিদিগকে সমন করিয়া বলপূর্ব্বক উপস্থিত করাইতে ও দলীল আনাইতে পারিবেন ইতি।

সাক্ষিদিগকে কালেক্টর সাহেবের বলক্রমে উপস্থিত করাইবার ক্ষমতার কথা।

51. If any person shall fail to comply with a requisition contained in any special notice served under section seven of this Act, or in any notice served for the purpose of any inquiry under Part V of this Act, within the time specified in such notice, the Collector may impose upon him such daily fine as he may think fit, not exceeding fifty rupees, and such fine shall be payable daily until the requisition is complied with; and the Collector may proceed from time to time to levy any amount which has become due in respect of any such fine, notwithstanding that an appeal against the order imposing such fine may be pending:

Daily fine for failure to comply with requisition in notice.

Provided that whenever the amount levied under any such order shall have exceeded five hundred rupees, the Collector shall report the case specially to the Commissioner of the Division, and no further levy in respect of such fine shall be made otherwise than by authority of the said Commissioner.

৫১ ধারা। এই আইনের ৭ ধারামতে যে বিশেষ নোটিস দেওয়া যায়, কিম্বা এই আইনের ৫ অধ্যায়ানুসারে অনুসন্ধান লওনার্থে যে নোটিস দেওয়া যায়, কোন ব্যক্তি সেই নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ নোটিসের উল্লিখিত আদেশ-মতে কর্ম্ম না করিলে, কালেক্টর সাহেব ৫০৲ টাকার অনধিক যত টাকা উচিত বোধ করেন, ঐ ব্যক্তির দিন২ তত টাকা অর্থদণ্ড ধার্য্য করিতে পারিবেন, ও যত দিন সেই আজ্ঞামতে কার্য্য না করা যায় তত দিন তাঁহার দিন২ সেই দণ্ড দিতে হইবে। ও সেই অর্থদণ্ড ধার্য্য করার আজ্ঞার উপর আপীল উপস্থিত করা গেলেও, ঐ অর্থদণ্ডের উপলক্ষে যে টাকা দেনা হয় কালেক্টর সাহেব সময়ে২ সেই টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন।

নোটিসে যে আদেশ থাকে তদনুসারে কার্য্য না করা গেলে দৈনিক অর্থ-দণ্ডের কথা।

কিন্তু সেই প্রকারের আজ্ঞামতে যে টাকা আদায় করা যায়, তাহা পাঁচ শত টাকার অধিক হইয়া উঠিলে, কালেক্টর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট সেই কথার বিশেষ রিপোর্ট করিবেন, ও উক্ত কমিশ্যনর সাহেবের অনুমতি না হইলে ঐ অর্থদণ্ডের আর টাকা আদায় হইবে না ইতি।

52. Any person, being bound by the provisions of section nineteen to give notice to the Collector in respect of any boundary mark having been injured, destroyed, or removed, or requiring repairs, who shall fail to give such notice, shall be liable to a fine, not exceeding one hundred rupees, to be imposed by order of the Collector.

Penalty for failing to give notice of injury to boundary mark.

৫২ ধারা। সীমার কোন চিহ্নের হানি করা গেলে, কি তাহা নষ্ট হইলে, কি স্থানান্তর করা গেলে, কিম্বা মেরামৎ করিবার প্রয়োজন হইলে, ১৯ ধারার বিধান-মতে যে ব্যক্তি কালেক্টর সাহেবকে নোটিস দিতে আবদ্ধ হন, তিনি তদ্রূপ নোটিস না দিলে, তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কালেক্টর সাহেবের আজ্ঞামতে সেই দণ্ড ধার্য্য হইবে ইতি।

সীমার চিহ্নের হানি করা গেলে তাহার নোটিস না দিবার দণ্ডের কথা।

53. Any person convicted before a Collector of wilfully erasing, removing, or damaging any boundary mark (not being a landmark fixed by the authority of a public servant within the meaning of section 434 of the Indian Penal Code) which has been lawfully erected, may be ordered by the convicting officer to pay such sum, not exceeding two hundred rupees, for each mark so erased, removed, or damaged, as the said officer may think fit, in addition to such sum as may be

Penalty for removing boundary marks.

৫৩ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৩৪ ধারানুসারে রাজকীয় কার্য্য-কারক বলিয়া যাঁহাকে জানা যায় এমত কার্য্যকারকের অনুমতিক্রমে ভূমির যে চিহ্ন দেওয়া যায় তাহা ছাড়া, যে সীমার চিহ্ন আইনমতে স্থাপন করা গেল, কালেক্টর সাহেবের সম্মুখে কোন ব্যক্তির ইচ্ছাপূর্ব্বক সেই চিহ্ন উঠাইয়া ফেলিবার কি স্থানান্তর করিবার কিম্বা তাহার হানি করিবার অপরাধ নির্ণয় হইলে, তদ্রূপে উঠাইয়া ফেলা কি স্থানান্তর কি হানি করা সেই সীমার চিহ্ন পুনরায় স্থাপন করিতে যে খরচ লাগে তাহা ছাড়া, ঐ

সীমার চিহ্ন সরাইয়া নষ্ট-বার দণ্ডের কথা।

necessary to defray the expense of restoring the boundary mark so erased, removed, or damaged.

Collector may award portion of fine to informer.

54. The Collector may award any portion of a fine imposed under either of the two last preceding sections, and which may be realised, to any person who may have given information leading to the imposition of the fine.

Levy of fine.

55. A fine under sections fifty-one, fifty-two, and fifty-three may be levied, as far as may be practicable, in the manner provided in section 307 of the Code of Criminal Procedure, but if no moveable property belonging to the person from whom the fine is due is found in the district within which the order was passed, then such fine may be levied as if it were an arrear of revenue.

When person removing boundary mark cannot be found, Collector may repair.

56. Whenever the person erasing, removing, or damaging any boundary mark cannot be discovered, or if for any other reason it is found impracticable to recover from him the sum which he has been so ordered to pay, the boundary mark shall be restored or repaired by the Collector, and the expenses thereby incurred shall be recovered from the occupants of such of the conterminous lands, and in such proportions as to the Collector may seem fit.

Every amount due deemed to be a demand under Bengal Act VII of 1868.

57. Every amount which may become due to the Collector under the provisions of this Act in respect of any expenses incurred, or of any notices served, or of any costs payable by any party in an appeal, shall be deemed to be a demand under section two of Bengal Act VII of 1868 (*an Act to make further provision for the recovery of arrears of Land Revenue and Public Demands recoverable as arrears of Land Revenue*) and shall be leviable as such.

No appeal to lie against any order passed under this Act.

58. Except as provided in sections fifty-nine and sixty, no appeal shall lie, as of right, against any order passed under this Act by any officer; but the proceedings and orders of Assistant Superintendents

অপরাধ নির্ণেতা কার্য্যকারক উক্ত প্রকারে উঠাইয়া ফেলা কি স্থানান্তর কি হানি করা প্রত্যেক চিহ্নের নিমিত্ত ঐ ব্যক্তির দুই শত টাকার অনধিক দণ্ড দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অর্থদণ্ডের এক অংশ গোয়েন্দাদিগকে কালেক্টর সাহেবের দিতে পারিবার কথা।

৫৪ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার কোন এক ধারামতে যে অর্থদণ্ড ধার্য্য হইয়া আদায় হইয়া থাকে, ঐ অর্থদণ্ড যাহাতে ধার্য্য হইল এমত সন্ধান যে ব্যক্তি জানাইল, কালেক্টর সাহেব তাহার সেই অর্থদণ্ডের একাংশ পাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অর্থদণ্ড আদায়ের কথা।

৫৫ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩০৭ ধারায় যে বিধান আছে, ৫১, ৫২ ও ৫৩ ধারামত দণ্ড যত দূর হইতে পারে সেই বিধানমতে আদায় হইতে পারিবে। কিন্তু যে ব্যক্তির সেই অর্থদণ্ড দেনা থাকে, আজ্ঞা যে জিলার মধ্যে করা গেল সেই জিলায় ঐ ব্যক্তির কোন অস্থাবর সম্পত্তি পাওয়া না গেলে, ঐ অর্থদণ্ডের টাকা বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

যে ব্যক্তি সীমার চিহ্ন স্থানান্তর করে তাহার উদ্দেশ পাওয়া না গেলে কালেক্টর সাহেবের সারাইয়া লইতে পারিবার কথা।

৫৬ ধারা। যে ব্যক্তি কোন সীমার চিহ্ন উঠাইয়া ফেলে কি স্থানান্তর করে কি তাহার হানি করে, সেই ব্যক্তির উদ্দেশ পাওয়া যাইতে না পারিলে, কিম্বা উক্ত প্রকারে যত টাকা দিবার আজ্ঞা হয়, অন্য কোন কারণে তাঁহার স্থানে সেই টাকা আদায় করা যাইতে না পারিলে, কালেক্টর সাহেব সেই চিহ্ন পুনরায় স্থাপন করাইয়া কি সারাইয়া দিবেন, ও তাহা করিতে যত টাকা খরচ লাগে, কালেক্টর সাহেব সন্নিকট ভূমির যে২ দখীলকারদের যে২ অংশানুসারে তাহা দেওয়া উচিত জ্ঞান করেন তাঁহাদের স্থানে সেই২ অংশানুসারে সেই খরচ আদায় করা যাইবে ইতি।

দেনা সকল টাকা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমত দাওয়া বলিয়া জ্ঞান হইবার কথা।

৫৭ ধারা। এই আইনের বিধানমতে যে খরচ লাগে কি যে নোটিস জারী হয়, কিম্বা আপীল হইয়া কোন পক্ষের যে খরচ দেনা হয়, তদুপলক্ষে কালেক্টর সাহেবের নিকট যে টাকা দেনা থাকে, তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের (অর্থাৎ ভূমির বাকী রাজস্ব এ২ রাজকায় অন্য যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে তাহা আদায় করনার্থ আইনের) ২ ধারামত দাওয়া বলিয়া জ্ঞান হইবে, ও তদ্রূপে আদায় করা যাইতে পারিবে ইতি।

এই আইনমতে যে কোন আজ্ঞা করা যায় তাহার উপর আপীল হইতে না পারিবার কথা।

৫৮ ধারা। কোন কার্য্যকারক এই আইনমতে যে আজ্ঞা করেন, ৫৯ ও ৬০ ধারায় যে২ স্থলের বিধান হইয়াছে সেই২ স্থল ছাড়া, উক্ত কোন আজ্ঞার উপর আপীল করিবার অধিকার

and of Deputy Collectors under this Act shall be subject to the supervision and control of the Superintendent of Survey or Collector; the proceedings and orders of the Superintendent of Survey, and of the Collector, to the supervision and control of the Commissioner of the Division; and the proceedings and orders of all officers to the supervision and control of the Board of Revenue.

Government may restrict functions of Commissioner

Provided that the Government may order that in the course of any survey under this Act the functions of the Commissioner shall be restricted to the decision of appeals under section sixty, and that the general powers of control and supervision over the Superintendent of Survey or Collector and their subordinate officers may be exercised by the Board of Revenue direct.

Appeal to lie to the Collector or Superintendent of Survey against order of Assistant Superintendent, or Deputy Collector.

59. An appeal, if presented within one month of the date of the order appealed against, shall lie to the Collector or Superintendent of Survey, against every order of a Deputy Collector or of an Assistant Superintendent,

(*a*) determining under section eight the amount to be paid as the price of materials or labor supplied;

(*b*) determining under section ten the amount to be paid as compensation;

(*c*) deciding a boundary dispute;

(*d*) imposing a fine under this Act.

Appeal to Commissioner against order of Collector or Superintendent of Survey.

60. An appeal, if presented within one month of the date of the order appealed against, shall lie to the Commissioner of the Division against every order of the Collector or Superintendent of Survey,

(*a*) determining under section eight the amount to be paid as value of materials or labor supplied,

(*b*) determining under section ten the amount to be paid as compensation;

(*c*) determining a disputed boundary;

আছে বলিয়া কেহ আপীল করিতে পারিবে না। কিন্তু আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টেরা ও ডেপুটী কালেক্টরেরা এই আইনমতে যে কার্য্যানুষ্ঠান ও যে আজ্ঞা করেন তাহার উপর জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কি কালেক্টর সাহেবের তত্ত্ব ও কর্তৃত্ব থাকিবে, জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ও কালেক্টর সাহেব যে কার্য্যানুষ্ঠান ও যে আজ্ঞা করেন তাঁহার উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের তত্ত্ব ও কর্তৃত্ব থাকিবে, ও সকল কার্য্যকারকের আনুষ্ঠানিক কার্য্যের ও আজ্ঞার উপর রেবিনিউ বোর্ডের তত্ত্ব ও কর্তৃত্ব থাকিবে।

কমিশ্যনর সাহেবের কর্ম্ম গবর্ণমেণ্টের সঙ্কোচ করিবার ক্ষমতার কথা।

কিন্তু এই আইনমতে কোন জরীপী কার্য্য চলন সময়ে কমিশ্যনর সাহেব যেন কেবল ৬০ ধারামত আপীল নিষ্পত্তি করেন, এবং রেবিনিউ বোর্ডের সাহেবেরা জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা কালেক্টর সাহেবের ও তাঁহাদের অধীন কার্য্যকারকদের উপর কর্তৃত্ব ও তত্ত্বাবধারণ কার্য্যের সাধারণ ক্ষমতানুসারে অব্যবহিতরূপে কার্য্য করেন, গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কি ডেপুটী কালেকটরের আজ্ঞার উপর জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ও কালেকটর সাহেবের নিকট আপীল হইতে পারিবার কথা।

৫৯ ধারা। আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের ও ডেপুটী কালেক্টরের নিম্নলিখিত প্রত্যেক আজ্ঞার উপর জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ও কালেক্টর সাহেবের নিকট আপীল হইতে পারিবে, কিন্তু সেই আজ্ঞা করিবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপাল উপস্থিত করিতে হইবে।

(ক) ৮ ধারামতে সরঞ্জামের মূল্য ও মজুরী বলিয়া যত টাকা নির্দ্ধার্য্য হয় তাহার উপর।

(খ) ১০ ধারামতে হানিপূরণ বলিয়া যত টাকা নির্দ্ধার্য্য হয় তাহার উপর।

(গ) বিবাদের নিষ্পত্তির উপর।

(ঘ) এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞার উপর ইতি।

কালেক্টর কি জরিপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হওয়ার কথা।

৬০ ধারা। কালেকটর সাহেব কিম্বা জরীপীকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব নিম্নলিখিত বিষয়ের যে আজ্ঞা করেন, তাহার উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে, কিন্তু যে আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখ অবধি এক মাসের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে,—

(ক) ৮ ধারামতে যে২ সরঞ্জাম কি যে মজুর যোগাইয়া দেওয়া যায় তাহার মূল্য বলিয়া যত টাকা নির্দ্ধার্য্য হয় তাহার উপর।

(খ) ১০ ধারামতে হানিপূরণ বলিয়া যত টাকা নির্দ্ধার্য্য হয় তাহার উপর।

(গ) বিবাদীয় সীমা নির্ণয়ের আজ্ঞার উপর।

(*d*) imposing a fine of more than fifty rupees on any person,

(ঘ) কোন ব্যক্তির ৫০ টাকার অধিক অর্থদণ্ডের আজ্ঞার উপর।

provided that the order appealed against under clauses (*a*), (*b*), and (*c*) shall not have been passed by the Collector or Superintendent of Survey on an appeal preferred against the order of a subordinate officer.

কিন্তু অধান কোন কর্ম্মকারক (ক) (খ) ও (গ) প্রকরণমতে যে আজ্ঞা করেন তাহার উপর আপীল হইয়া কালেক্টর সাহেব কিম্বা জরীপা কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে আজ্ঞা করেন সেই আজ্ঞার উপর আপীল হইতে পারিবে না ইতি।

61. The Commissioner, Collector, or Superintendent of Survey may pass such orders as they shall think fit in respect of the payment of costs incurred by any party in an appeal.

Orders as to costs on appeal.

৬১ ধারা। আপীলী মোকদ্দমায় কোন ব্যক্তির যত টাকা খরচ লাগে, সেই খরচ দিবার বিষয়ে কমিশ্যনর সাহেব কি কালেক্টর কি জরীপীকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

আপীলী মোকদ্দমার খরচার বিষয়ে আজ্ঞার কথা।

62. No suit shall be brought to set aside an order of a Superintendent of Survey, Collector, Assistant Superintendent, or Deputy Collector deciding a boundary dispute, unless an appeal shall have been first preferred under section fifty-nine or section sixty, or unless the person suing was at the time when such order was passed a minor, or insane, or an idiot.

No suit to be brought unless appeal first preferred.

৬২ ধারা। জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব কিম্বা কালেক্টর সাহেব কিম্বা আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট কি ডেপুটী কালেক্টর সীমার বিবাদ নিষ্পত্তি করণসূচক যে আজ্ঞা করেন, তাহার উপর ৫৯ কি ৬০ ধারামতে আপীল উপস্থিত করা না গেলে, কিম্বা যে ব্যক্তি মোকদ্দমা উপস্থিত করেন তিনি সেই আজ্ঞা হওনসময়ে নাবালগ কি ক্ষিপ্তমনা কি জড় না হইলে, সেই আজ্ঞা অসিদ্ধ করিবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ইতি।

আপীল উপস্থিত না করা গেলে মোকদ্দমা উপস্থিত করিতে না হইবার কথা।

63. With the sanction of the Lieutenant-Governor, the Board of Revenue may lay down rules, not being inconsistent with this Act;

Board of Revenue may lay down rules with sanction of Lieutenant-Governor.

৬৩ ধারা। রেবিনিউ বোর্ডের সাহেবেরা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সম্মতি গ্রহণ পূর্ব্বক নিম্নলিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন কিন্তু সেই বিধি এই আইনের অসঙ্গত না হয়,—

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সম্মতি হইলে রেবিনিউ বোর্ডের বিধি করিবার ক্ষমতার কথা।

to provide for the preparation of maps and registers, and for the collection and record of any information in respect of any land to be surveyed under this Act;

ম্যাপ ও রেজিস্টর প্রস্তুত করণের, এবং এই আইনমতে যে ভূমি জরীপ করিতে হইবে তদ্বিষয়ক কোন সন্ধান জানিয়া লওয়ার ও লিপিবদ্ধ করণের বিধি।

and generally to provide for the proper performance of all things to be done, and for the regulation of all proceedings to be taken under this Act.

ও এই আইনমতে যে সকল কার্য্য করিতে হইবে তাহা উপযুক্তমতে নির্ব্বাহ করিবার ও যে কার্য্যানুষ্ঠান হইবে তাহার বিধান করিবার বিধি।

All enquiries ordered to be made for the collection of information under such rules, shall be deemed to be enquiries under section six, and the Collector shall exercise in respect thereof all powers which he may exercise in respect of enquiries under that section.

উক্ত বিধিমতে সন্ধান জানিয়া লইবার জন্যে যে সকল অনুসন্ধান লওয়ার আজ্ঞা হয়, তাহা ৬ ধারামত অনুসন্ধান বলিয়া জ্ঞান হইবে, এবং ঐ ধারামতে অনুসন্ধান লইতে গেলে কালেক্টর সাহেব যে সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারেন উক্ত অনুসন্ধান লওনের উপলক্ষে তিনি সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

FREDERICK CLARKE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিস্টান্ট সেক্রেটরী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*